The Executive Engineer, Mechanical Division, Agartala on behalf of the 'Governor of Tripura', invites online item rate e-tender in single bid system from reputed resourceful manufacturers / authorized sales and service dealer or Distributor having experience in similar nature of Air Conditioning works in Government/ Government Undertaking Buildings and Service Centre in Tripura for the following work:
Name of work: Providing, Installation and Commissioning of air conditioning system in Examination Hall of AGMC & GBP Hospital during the year 2023-2024.
1. Estimated Cost: Rs 10,21,050.00
2. Earnest Money: Rs 20,421.00
3. Bid Fee: Rs 1,000.00
4. Last date & time for online Bidding: 24/02/2025 upto 3:00 PM
Note: The bid forms and other details including online activities should be done in the e- procurement portal <https://tripuratenders.gov.in>
ICA/C-3867/25
Executive Engineer Mechanical Division, Agartala

Notice Inviting Tender
Directorate of Kokborok & Other Minority Languages, Government of Tripura invites Open Tenders from the Bonafide Printing Agencies/Firms for printing Manipuri literary book "TRIPURAGEE KHANGATLABA SHEIRENG" published by Directorate of Kokborok & Other Minority Languages. The interested bidders are requested to quote their rate for printing of the above mentioned Poetry Book as per details below:-

Scope of work in brief	Quantity	EMD	Contract Period	Period of Collecting Bidding Documents	Date of Submission of Tender
Printing of Manipuri literary book "TRIPURAGEE KHANGATLABA SHEIRENG" published by Directorate of Kokborok & Other Minority Languages.	1510 nos.	Rs. 6000/- (refundable)	15days from the date of Award of Contract (AOC)	(from the office of the Directorate of Kokborok & OML, Shiksha Bhavan, Office Lane) Time: 11:00 am to 5:00 pm on all working days from 15-02-25 to 21-02-25. (on all working days)	"at the office of the Directorate of Kokborok & OML, Shiksha Bhavan, Office Lane) from 15-02-2025 11:00 am to 21-02-2025 3:30 pm (on all working days)

Detailed tender notice, schedules and tender documents can be obtained from the office of The Directorate of Kokborok & Other Minority Languages, Shiksha Bhavan, Office Lane, Agartala from 15-02-2025 11:00 am to 21-02-2025 at 3:30 pm on all working days. The details tender notice will be available at the Directorate's Website <https://kokborokml.tripura.gov.in/>
The interested bidders are requested to go through the instructions/terms conditions/critical dates/eligibility criteria noted in the DNIT minutely.
Eligible bidders shall participate in bidding by following the due process as mentioned in the DNIT. All future Addendum/Corrigendum pertaining to this tender, if issued, shall be made available in the Directorate of Kokborok & OML office's Notice Board & also in the Directorate's Website <https://kokborokml.tripura.gov.in/>
Signed by Ananda Hari
ICA/C-3880/25
Kokborok & Other Minority Languages Government of Tripura. Education Deptt. (School)

PRESS NOTICE INVITING e- Tender NO: 171 & 172 /EE/ENGG.CELL/DSE/2024-25 Dt. 14/02/2025.
The Engineering Cell, Secondary Education Department, Old Shishu Bihar Complex, Agartala, Tripura invites on behalf of the 'Governor of Tripura' sealed percentage rate e-tender from the Central & State public sector undertaking / enterprise and eligible Contractors /Firms/ Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Other State PWD up to 21/02/25 3.00 P.M. on 3.00 PM.

Sl. No.	NAME OF THE WORK	ESTIMATED COST	EARNEST MONEY	TIME FOR COMPLETION	LAST DATE AND TIME FOR RECEIVING DOCUMENTS AND BIDDING	TIME AND DATE OF OPENING OF BID	REGISTRATION DOCUMENTS AND BIDDING AT APPLICATION	CLASS OF BIDDER
1	3 rd call for post flood maintenance and Restoration work for 07 seven nos school under and/or west Tripura under Elementary Level 2024-25. DNIEt No: 128/EE/ENGG. CELL/DSE/2024-25	Rs.22.47,400.00	Rs.47,400.00	01 Month	21/02/2025 Up to 15:00 Hrs	21/02/2025 up to 16:00Hrs.	https://tripuratenders.gov.in	Appropriate Class
2	3 rd call for Maintenance 04 nos school building under Jirania, Old Agartala and Dabli Block of west Tripura under special package for Post Flood Maintenance and restoration work Secondary Level for the year 2024-25 DNIEt No: 118/EE/ENGG. CELL/DSE/2024-25	Rs. 19,45,808.00	Rs.39116.00	01 Months	21/02/2025 Up to 15:00 Hrs	21/02/2025 up to 16:00 Hrs.	https://tripuratenders.gov.in	Appropriate Class

Eligible bidders shall participate in bidding only in online through website <https://tripuratenders.gov.in>. Bidders are allowed to bid 24x7 until the time of Bid closing as mentioned above.
ICA/C-3874/25
Executive Engineer, Engineering Cell, Directorate of Secondary Education, Old Shishu Bihar Complex,

SHORT NOTICE INVITING e-TENDER NO. 27/EE(AGRI)/S/2024-25.

Sl. No.	NAME OF THE WORK	ESTIMATED COST	EARNEST MONEY	TIME FOR COMPLETION	LAST DATE AND TIME FOR RECEIVING DOCUMENTS AND BIDDING	TIME AND DATE OF OPENING OF BID
1	22/EE/AGRI/ SOUTH/2024-25	Rs. 8,76,186.00	Rs. 17,522.00	30 Days	Up to 04:00 P.M. on 21/02/2025	At 11:00 AM on 24/02/2025
2	28/EE/AGRI/ SOUTH/2024-25	Rs. 13,71,681.00	Rs. 27,434.00	30 Days	Up to 04:00 P.M. on 21/02/2025	At 11:00 AM on 24/02/2025

ICA/C-3861/25
(Er. D. Jamatia) Executive Engineer (South) Department of Agriculture & Farmers Welfare South, Udaipur.

হরেকরকম

হরেকরকম

হরেকরকম

চাল ছাড়াই বানিয়ে নিন মুড়িঘন্ট

বাঙালির হেঁশেলে অনেক জনপ্রিয় রান্নার মধ্যে একটি হল মুড়িঘন্ট। খুবই সহজ রেসিপি হলেও বামেলার বড়য়ে অনেকেরই তা রীতে চান না। আগে নিয়ম করে প্রায় সব বাড়িতেই মুড়িঘন্ট রান্না করা হত। এই প্রজন্মের ছেলেমেয়েরা মাছের কাঁটা ছাড়িয়েই খেতে পারে না। তাই আবার মুড়িঘন্ট। মোচার ঘন্ট, শুভো, খোড়, ডুমুর এসব থেকে বাঙালি প্রায় মুখ ঘুরিয়ে নিয়েছে। আর সেই জায়গার দখল নিয়েছে পিঁপ্টি, পাঁতা, স্প্যাগেট। কুই বা কাতলা মাছের মাথা দিয়েই মুড়িঘন্ট রান্না করা হয়। যেহেতু গোবিন্দভোগ চালের সঙ্গে মুড়ো মাখামাখি করে রান্না করা হয় তাই একে মুড়িঘন্ট বলা হয়। মাছের মাথা দিয়েই মুড়িঘন্ট রান্না করা হয়। যেহেতু গোবিন্দভোগ চালের সঙ্গে মুড়ো মাখামাখি করে রান্না করা হয় তাই একে মুড়িঘন্ট বলা হয়।



বাণিজ্য করার জন্য দূর-দুরান্তে যাত্রা করত তখন সেই সময় বেশিরভাগ ক্ষেত্রে তাদের খাদ্য হিসাবে জুটতো নানা ধরনের রান্না। মাছের কোল বা ভাজা খাওয়ার পর বাকি অংশ ফেলে না দিয়ে তার সঙ্গে চাল মিশিয়ে খানিকটা পোলাওয়ের আকারে বানিয়ে ফেলা হল মুড়িঘন্ট। পরবর্তীতে এই পদটি এতই জনপ্রিয় হয় যে এর জনপ্রিয়তা ছড়িয়ে পড়ে মালয়েশিয়া পর্যন্ত। সমগ্র উপকূলে এই পদ এখন খুবই জনপ্রিয়। গোবিন্দভোগ চাল দিয়েই অধিকাংশ বাড়িতে বানানো হয় মুড়িঘন্ট। চিড়ে দিয়েও বানানো যেতে পারে এই মুড়িঘন্ট। একটু বড় মাপের মাছের মাথা নিন। মাথায় অল্প করে মাছ থাকলেই চলাবে। এবার মাছ ভাল

ডাবের জলের উপকারিতা

ডাবের জল না বোতলে ভরা বা চকচকে দোকানের ঠান্ডা মেশিনে রাখা পানীয়। এ দুটি নিয়ে অনেকেরই মনে রয়েছে নানা সংশয়। আজকের সমাজ প্রতিন্যায় নানা বহুজাতিক সংস্থার বিচিত্র রঙের পানীয় পান করতেরই বেশী অভ্যস্ত। এখন সারা দেশের সর্বত্র খুব সহজে মেলে এই সকল পানীয়। অপরদিকে এই সকল পানীয় কতটা স্বাস্থ্যসম্মত তা নিয়ে প্রচুর গবেষণাও হয়েছে ও হচ্ছে, কিন্তু আমরা কি তাতে খুব একটা সচেতন। না, আমরা বোধহয় এই বিষয়ে খুব একটা সচেতন নয়, কারণ তা



হলে প্রাত্যহিক জীবনে আমাদের সাথে এত ওতপ্রোত ভাবে জড়িয়ে যেতে পারত না বহুজাতিক সংস্থার এই সকল কোলা পানীয়। আসলে আমরা ব্যবহারিক জীবন বিজ্ঞাপনের দ্বারা অনেক টাই প্রভাবিত। অপরদিকে আমাদের সর্বপ্রথম প্রাকৃতিক একটি পানীয়কে আমরা বেমালুম ভুলে গিয়ে আজ তুলে নিয়েছি বিজ্ঞাপনের ছলে ভুলে যেতে ভরা। বহুজাতিক সংস্থার তৈরী র জল পানীয় বা বিশেষ করে ক্রীড়া হওয়া কিছু এনার্জি ড্রিংক। আমরা নিজেদের প্রকৃতির এই স্বাভাবিক জ্বলে বসেছি। কারণ আমরা বিজ্ঞাপনকে খাই, আমরা নিজেদের বিচার, বিবেচনা, বুদ্ধি সব শিকিয়ে তুলে রাখি, কারণ বিভিন্ন ভাবে বিজ্ঞাপনের মাধ্যমে ওই সকল বহুজাতিক সংস্থাগুলি আমাদের সবসময়ই নিয়ন্ত্রন করে চলেছে। সকল পানীয় যে সকল রাসায়নিক পদার্থের সংমিশ্রণে তৈরী তা কতটা আমাদের উপকার সাধন করতে পারে তার দিকে প্রকৃতি থেকে প্রাপ্ত। সম্পূর্ণ প্রাকৃতিক ডাবের জল পানীয় অধিক পরিমাণে নিয়মিত পান করার ফলে একজন মানুষ নানা শারীরিক অসুবিধার সম্মুখীন হতে পারে, যার মধ্যে একজন পূর্ণবয়স্ক মানুষের রক্তচাপ বাড়তে পারে ৩৬ শতাংশ বা ক্রমশ মোটা হয়ে যাওয়া, কোন কোন ক্ষেত্রে ডায়াবেটিস রোগের কারণও এই জাতীয় ঠান্ডা পানীয়, আবার বিশেষ কোন কারণ ছাড়াই দাঁতের ক্ষয়, এ সবই ঘটতে পারে ঠান্ডা পানীয়ের দৌলতে। আসলে এই সকল ঠান্ডা পানীয়তে যে সকল রাসায়নিক উপাদান মেশানো হয় তার প্রধান উপকরণ জলের সাথে সেগুলিই আমাদের শরীরের পক্ষে ক্ষতিকারক বলে ক্রমশ জানা যাচ্ছে। প্রধানত এই

খানকুনি পাতা খুব পরিচিত একটি ভেষজ গুণসম্পন্ন উদ্ভিদ

এক পাতার রসে ১০ রোগের উপশম, এই পাতা সম্পর্কে আপনার জানা জরুরী। ছোট্ট প্রায় গোলাকৃতি পাতা। নাম খানকুনি। খুব পরিচিত একটি ভেষজ গুণসম্পন্ন উদ্ভিদ। ল্যাটিন নাম। থামাঞ্চলে খানকুনি পাতার ব্যবহার আদ্যমূল থেকেই চলে আসছে। এর মধ্যে রয়েছে ওষুধি সব গুণ। খানকুনি পাতার রস রোগ নিরাময়ে অতুলনীয়। রোগ নিরাময়ে খানকুনি যথার্থ ভূমিকা রাখতে সক্ষম। অঞ্চলভেদে খানকুনি পাতাকে আদামনি, তিতুরা, টেয়া, মানকি, খানকুনি, আদাওনগুনি, সোলামানি, ধূলকুড়ি, মানামানি, ধূলাবেগুন, নামে ডাকা হয়। গবেষণায় দেখা গেছে কেউ যদি নিয়মিত খানকুনি পাতা খান, তাহলে মাথার চুল থেকে পায়ের পাতা পর্যন্ত শরীরের প্রতিটি অংশের কর্মক্ষমতা বাড়তে শুরু করে। চন্দ্রন যেনে নেয়া যাক, খানকুনির ওষুধি সব গুণ সম্পর্কে আমাশয় দূর করে: প্রতিদিন সকালে খালি পেটে নিয়ম করে খানকুনি পাতা খেতে হবে। টানা ৭ দিন খেলে মামলা খালাস! পেটের রোগের চিকিৎসা: অল্প পরিমাণ আম গাছের ছালের সঙ্গে ১টা আনারসের পাতা, হলুদের রস এবং পরিমাণ মতো খানকুনি পাতা ভালো করে মিশিয়ে খেতে নিন। মিশ্রণটি নিয়মিত খেলে অল্প দিনেই যে কোনো ধরনের পেটের অসুখ সেরে যায়। কাশির প্রকোপ কমে: ২ চামচ খানকুনি পাতার রসের সঙ্গে অল্প করে চিনি মিশিয়ে খেলে সন্ধ্যা সন্ধ্যা কাশি কমে যায়। আর যদি একটা সপ্তাহ খেতে পারেন, তাহলে তো কথাই নেই। জ্বরের প্রকোপ কমে: জ্বরের ধাক্কায় কাঁচ হয়ে পড়েন অনেকে। একটা সপ্তাহ খেতে পারেন, তাহলে জ্বর কমে যাবে।



আছে- জ্বরের সময় ১ চামচ খানকুনি এবং ১ চামচ শিউলি পাতার রস মিশিয়ে সকালে খালি পেটে খেলে অল্প সময়েই জ্বর সেরা যায়। চুল পড়ার কমে যায়: সপ্তাহে ২-৩ বার খানকুনি পাতা খেলে স্ক্যালের ভেতরে পুষ্টির ঘাটতি দূর হয়। ফলে চুল পড়া কমেতে শুরু করে। পরিমাণ মতো খানকুনি পাতা নিয়ে তা খেতে করে নিতে হবে। তারপর তার সঙ্গে পরিমাণ মতো তুলসি পাতা এবং আমলা মিশিয়ে একটা পেপেট বানিয়ে নিতে হবে। সবশেষে পেপেট চূলে লাগিয়ে নিয়ে কিছু সময় অপেক্ষা করতে হবে। ১০ মিনিট পরে ভাল করে ধুয়ে ফেললেই হবে। শরীর থেকে বেরিয়ে যায় টিক্কি উ পাদান: ক্ষতিকর টিক্কি আমাদের শরীরে, রক্তে প্রবেশ করে। কিন্তু প্রতিদিন সকালে অল্প পরিমাণ খানকুনি পাতার রসের সঙ্গে ১ চামচ মধু মিশিয়ে খেতে রক্তে উপস্থিত ক্ষতিকর উপাদান বেরিয়ে যায়। ক্ষতের চিকিৎসা: শরীরের কোথাও কেটে গেলে সন্ধ্যা সন্ধ্যা সেখানে অল্প করে খানকুনি পাতা খেতে লাগিয়ে দেবেন। দেখবেন নিম্নে কষ্ট কমে যাবে। হজম শক্তি বৃদ্ধি: খানকুনি পাতা হজম ক্ষমতারও উন্নতি করে। খানকুনি পাতায় উপস্থিত একাধিক উপকারি উপাদান হজমে সাহায্য করে। খানকুনি পাতার রসে অল্প করে খেতে পারেন, তাহলে হজম শক্তি বৃদ্ধি: খানকুনি পাতা হজম ক্ষমতারও উন্নতি করে। খানকুনি পাতায় উপস্থিত একাধিক উপকারি উপাদান হজমে সাহায্য করে। খানকুনি পাতার রসে অল্প করে খেতে পারেন, তাহলে হজম শক্তি বৃদ্ধি: খানকুনি পাতা হজম ক্ষমতারও উন্নতি করে।

রাতে ঘুম আসে না? ট্রাই করুন এই পানীয়গুলো

এমন সমস্যায় ঝাঁপা আছেন, তাঁরা অনেকেই ঘুমানোর জন্য ঘুমের ওষুধের সাহায্য নিয়ে থাকেন। কিন্তু ঘুমের ওষুধের প্রতি অতিরিক্ত নির্ভরশীলতাও আমাদের শরীরের জন্য মারাত্মক ক্ষতিকর। কারণ হিসেবে হতে পারে ভুল রাতের খাবার নির্বাচন, আর মানসিক চাপ। গবেষণায় দেখা গিয়েছে, ঘুমের আগে কয়েক ধরনের পানীয় খেলে আপনার ঘুম ভাল হবে। রাতের পর রাত জেগে কাটাতে হবে না। দেখে নিন, ইনসোমনিয়া বা অনিদ্রা দূর করতে কী কী খাবেন। গরম দুধ - চন্দ্রবিদ্যুর একটা গান ছোটবেলাতে বিশাল হিট ছিল। “দুধ না খেলে ঘুম না ভাল ছেলে!” তাই রাতে ঘুমাতে যাওয়ার আগে এক গ্লাস গরম দুধ খাওয়ানোর কথা বলতেন বাড়ির মা ঠাকু মারা। সেটা কিন্তু আপনার ভালো ঘুমের জন্যই আসলে এটা অনেক পুরনো নিয়ম। বিশেষজ্ঞরাও জানিয়েছেন, গরম দুধ ঘুমানোর আগে খেয়ে নিলে ভালো ঘুম হয়। কারণ দুধের মধ্যে রয়েছে অ্যামাইনো অ্যাসিড ট্রিপটোফ্যান। এই উপাদান কার্বেইনোট্রিক মিলের




মাগেও থাকে। যা খেলে সহজেই ঘুম পেতে শুরু করে। এখন থেকে ঘুমাতে যাওয়ার ৯০ মিনিট আগে নিয়ম করে এক গ্লাস গরম দুধ খান। ক্যামোমাইল চা - ক্যামোমাইল চা গরম দুধের মতোই প্রাচীন কাল থেকেই ইনসোমনিয়ার দাওয়াই। ক্যামিফ্র এই চা কামিফ্র এবং সুদীর্ঘ। ফলে ঘুম তাড়াতাড়ি আসে। আর ঘুমও ভাল হয়। আরও ভাল যাতে কাজ হয়, তার জন্য অনেকেই ম্যাগনেসিয়াম সাপলিমেটস ব্যবহার করেন। ঘুমাতে যাওয়ার ৯০ মিনিট আগে ক্যামোমাইল চা-এর মধ্যে অল্প পরিমাণ মধু মিশিয়ে খেয়ে নিন। ঘুম ভাল হবে। আমন্ড মিল্ক - দুধ খেতে অনেকেই পছন্দ করেন না। সে

ক্ষেত্রে আমন্ড মিল্ক খেতেই পারেন। কারণ আমন্ড মিল্কও কিন্তু ঘুমের জন্য দারুণ। আর লড়াই ইনসোমনিয়ার সঙ্গে। গবেষণায় দেখা গিয়েছে, আমন্ড মিল্ক ম্যাগনেসিয়ামে সমৃদ্ধ। ঘুমের জন্য দারুণ এই নিউট্রিয়েন্ট। ঠান্ডা ডাবের জল - গরম কালে তো রান্নায় বেবোলেই ডাবের জল খেয়ে তেষ্টা মোটান, শরীর ঠান্ডা রাখা। কিন্তু জানেন কি, ডাবের জলও ইনসোমনিয়া দূর করতে সাহায্য করে। কারণ ডাবের জলে রয়েছে প্রচুর পরিমাণ ম্যাগনেসিয়াম, পটাশিয়াম - যা আপনার বেশিকিংশিথিল করে ও ভাল ঘুমে সাহায্য করে। এ ছাড়াও এর মধ্যে রয়েছে ডায়াবেটিস রোগের কারণও এই জাতীয় ঠান্ডা পানীয়, আবার বিশেষ কোন কারণ ছাড়াই দাঁতের ক্ষয়, এ সবই ঘটতে পারে ঠান্ডা পানীয়ের দৌলতে। আসলে এই সকল ঠান্ডা পানীয়তে যে সকল রাসায়নিক উপাদান মেশানো হয় তার প্রধান উপকরণ জলের সাথে সেগুলিই আমাদের শরীরের পক্ষে ক্ষতিকারক বলে ক্রমশ জানা যাচ্ছে। প্রধানত এই

উচ্চ রক্তচাপ বা হাই প্রেশারের সমস্যা থাকলে প্রতিদিনই ওষুধ খেতে হয়। কিন্তু কেবল ওষুধ খেলেই কি সব সমস্যার নিরসন হয়ে যায়? বিশেষজ্ঞরা বলেন, একটা স্বাস্থ্যকর লাইফস্টাইলই পারে নিয়ন্ত্রণে রাখতে। শরীর ভালো রাখতে নিয়মিত শরীরচর্চা করা এবং সঠিক ৮ ঘন্টা ঘুমের পরিমাণ। তার পাশাপাশি কমাতে হবে অকারণ উদ্বেগ। তাই স্বাস্থ্যকর জীবনযাত্রার পাশাপাশি যদি খাবারের তালিকায় হেঁশেলের কিছু জিনিস যোগ করেন তাহলে কিন্তু ওষুধ ছাড়াই নিয়ন্ত্রণে রাখা যাবে হাই প্রেশার। আজকাল হাই প্রেশার দেখা যাচ্ছে যুবকদের মধ্যেও, তাই এর লক্ষণগুলি খুব ভালোভাবে মনে রাখবেন। আপনার যদি ঘন ঘন

কোন ধরনের মাথাব্যথায় কি রোগের ইঙ্গিত মেলে



আমাদের আশপাশের অনেকে মাথাব্যথার কথা শ্রায়েই বলে থাকেন। এদের কেউ কেউ দিনের বেশির ভাগ সময় মাথাব্যথার কষ্টে ভোগেন। চা-কফি খেয়েও কোন উপকার পান না। আবার মাথাব্যথার কারণে কাজেও মন দিতে পারছেন না। তবে কেউ কেউ রোদে নামলে, ঘুম কম হলে এবং অনেকখান ধরে খালি পেটে থাকার কারণে মাথাব্যথায় ভোগেন। তবে যারা প্রায়ই মাথাব্যথায় ভোগেন তাদের জন্য এটি বিপদের।

অতি সক্রিয় থাইরয়েড গ্ল্যান্ড থেকে এই সমস্যার সূত্রপাত হতে পারে। যদি হরমোন উত্পাদনের পরিমাণ বেড়ে যায়। তবে এটিও চোখের পিছনে ব্যথা থেকে শুরু হয়। রক্ত চলাচল বাধাগ্রস্ত মাথায় রক্ত চলাচল বাধাগ্রস্ত হলে মাথাব্যথা হতে পারে। যদি মাথায় মাঝে মাঝেই তীব্র ব্যথার শিকার হন তবে কিন্তু শীঘ্রই চিকিৎসকের পরামর্শ নিন। এ থেকে স্ট্রোক পর্যন্ত হতে পারে। মস্তিষ্কজনিত রোগ মাথাব্যথার সঙ্গে জ্বর, বমি, ঘাড়ে আর গলায় ব্যথা হয়, তাহলে তা মস্তিষ্কে ইনফেকশন হওয়ার ইঙ্গিত হতে পারে। মাথাব্যথার সঙ্গে কেউ যদি অজ্ঞান হয়ে যায়, তবে তা মস্তিষ্কের রক্তস্রাবের কারণ। দিনের পর দিন যদি মাথাব্যথা চলতে থাকে তবে তা রেন্নে টিউমার বা মস্তিষ্কের কোনো অসুখের সংকেত। তাই মাথাব্যথাকে অবহেলায় দৃষ্টি না দেখে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিন। থ্রোড স ডিজিস

চিনি বা মিষ্টিজাতীয় খাবার খেলে বাড়বে হৃদরোগের ঝুঁকি

অনেকেই চিনি ছাড়া খেতে পারেন না? প্রতিদিনের খাবারে অন্তত একটা মিষ্টি অন্তর্ভুক্ত। জানেন কি এতেই হৃদরোগের ঝুঁকি বাড়ে। যে খাবারে বেশি চিনি, সেই খাবারেই পুষ্টি কম। টাইপ ২ ডায়াবিটিস থেকে অ্যাকনে, হৃদরোগ - সবের পিছনেই রয়েছে চিনি, এমনটা বললে ভুল হবে না। চিনি বা মিষ্টিজাতীয় খাবার অতিরিক্ত খেলে প্রভাব পড়বে হৃদযন্ত্রে। সতর্ক করছেন চিকিৎসক থেকে পুষ্টিবিদ। বেশি পরিমাণে চিনি খেলে শরীরের ইনসুলিন হরমোন তা গ্রহণ করতে পারে না। শরীরে অতিরিক্ত

স্বাভাবিক কার্যকলাপে হাইপারটেনশনের প্রভাব পড়ে। হৃদযন্ত্রের তলনায় দ্রুত রক্ত পাম্প করা শুরু করে। রক্ত ভেঙ্গেলের ক্ষতি হয়। বাড়ে স্ট্রোকের সম্ভাবনা। এই প্রসঙ্গে চিকিৎসক সন্দেহের রায় বলেন, চিনি বা অতিরিক্ত মিষ্টি খেলে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা কমাতে থাকে। ডায়াবিটিসের সম্ভাবনাও বাড়ে। প্রভাব পড়ে হৃদযন্ত্রে। তাই করোনা বা অন্য সংক্রামক রোগের সম্ভাবনা বৃদ্ধি পায়। ডায়াবিটিস থাকলেই ইনসুলিন তৈরির পরিমাণ কমে যায়। করোনাবির রক্তের সম্ভাবনাও বেড়ে যাবে। হার্ট অ্যাটাকের সম্ভাবনাও বাড়ে। হৃদরোগের ঝুঁকি প্রসঙ্গে পুষ্টিবিদ সোমা চক্রবর্তী বলেন, চিনি বলতে যদি চোখে দেখা যায় সেরকম চিনি অর্থাৎ সকালে চায়ের সঙ্গে খাওয়া চিনিটা ধরি, সেক্ষেত্রে ক্ষতি তো হবেই। তবে তা পরিমাণ করে



রাজ্যপালের বাজেট ভাষণে অসন্তুষ্ট নির্দলীয় বিধায়ক অখিল

কোকরাঝাড় (অসম), ১৭ ফেব্রুয়ারি (হি.স.): রাজ্যপালের ভাষণে অসন্তুষ্ট নির্দলীয় বিধায়ক অখিল গগৈ। রাজধানীর বাইরে কোকরাঝাড় বড়োলাঙ টেরিটোরিয়াল কাউন্সিল লেজিসলেটিভ অ্যান্ডসম্বলি (বিটিসিএলএ)-তে আজ সোমবার ভাষণে অসম বিধানসভায় বাজেট অধিবেশন। বাজেট অধিবেশনে প্রদত্ত ভাষণে রাজ্য সরকারের গৃহীত পদক্ষেপ ও

উদ্যোগগুলি তুলে ধরে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য। রাজ্যের সার্বিক উন্নয়নে অসম সরকার কাজ করছে বলে এক এক খতিয়ান তুলে ধরছিলেন। তখন নির্দলীয় বিধায়ক (রাইজর দলের প্রধান তথা বামপন্থী নেতা) অখিল গগৈ অর্থনৈতিক প্রবৃদ্ধি সম্পর্কে রাজ্যপালের বক্তব্যে আপত্তি করেন। অখিলের দাবি, রাজ্যের কাঁধে ক্রমবর্ধমান ঋণের বোঝা চাপছে।

তা-হলে অর্থনৈতিক প্রবৃদ্ধিকী করে হচ্ছে বলে প্রশ্ন তুলেন গগৈ। রাজ্যপাল আচার্য যখন চলতি মাসে (২৫-২৬ ফেব্রুয়ারি) অনুষ্ঠায় অ্যাডভান্সেজ আসাম ২০ আয়োজনের প্রস্তুতি কথা বলেন, তখন অখিল গগৈ অ্যাডভান্সেজ আসাম ১০-এর ফলাফল নিয়ে সরকারকে প্রশ্নবিদ্ধ করেন। অখিলের আরও দাবি, রাজ্যপালের ভাষণে বড়োলাঙ টেরিটোরিয়াল রিজিয়ন-চুন্ডির সম্পূর্ণ

বাস্তবায়নের কোনও উল্লেখ ছিল না। বিধায়ক অখিল গগৈ যখন তাঁর অসন্তোষ ব্যক্ত করতে গুঁঠে দাঁড়ান, তখন স্পিকার বিখ্যক্তিই দৈম্যরি তাঁকে বসতে বলে রাজ্যপালকে বক্তৃতা শেষ করতে দেওয়ার জন্য অনুরোধ করেন। স্পিকার সোমারি বিধায়ক অখিল গগৈকে সদনের পরবর্তী কার্যক্রমে তাঁর উদ্বেগ উত্থাপন করতে বলেন।

কাজ করতে গিয়ে কৃষগঞ্জে আক্রান্ত জওয়ানরা, গাড়ি ভাঙচুর

নদিয়া, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): ফেনসিডিল উদ্ধার অভিযানে গিয়ে মহিলাদের হামলার মুখে পড়লেন জওয়ানরা। ভাঙচুর করা হয় তাঁদের গাড়িও। মোট ১০ জনের নামে কৃষগঞ্জ থানায় অভিযোগ দায়ের করেছে বিএসএফ। গোপন সূত্রে বিএসএফের কাছে খবর ছিল, অভিযোগ, সামনের সারিতে মহিলারা থাকলেও পিছনের দিকে ছিল এলাকার মহিলারা। বিএসএফের দুইজনের নামে কৃষগঞ্জ থানায় অভিযোগ দায়ের করেছে বিএসএফ। গোপন সূত্রে বিএসএফের কাছে খবর ছিল, অভিযোগ, সামনের সারিতে মহিলারা থাকলেও পিছনের দিকে ছিল এলাকার মহিলারা। বিএসএফের দুইজনের নামে কৃষগঞ্জ থানায় অভিযোগ দায়ের করেছে বিএসএফ। গোপন সূত্রে বিএসএফের কাছে খবর ছিল, অভিযোগ, সামনের সারিতে মহিলারা থাকলেও পিছনের দিকে ছিল এলাকার মহিলারা। বিএসএফের দুইজনের নামে কৃষগঞ্জ থানায় অভিযোগ দায়ের করেছে বিএসএফ।

কাজে গোপন সূত্রে খবর মেলে, মথুরাপুর এলাকায় রিভার পাম্পের ভিতরে প্রচুর ফেনসিডিল মজুত রয়েছে পাচারের জন্য। খবর পেয়ে সোমবার পরিচরনা করে বিএসএফ জওয়ানরা অভিযান চালান সেখানে। অভিযোগ, তাঁদের দেখেই বাঁপিয়ে পড়েন এলাকার মহিলারা। বিএসএফের অভিযোগ, সামনের সারিতে মহিলারা থাকলেও পিছনের দিকে ছিল এলাকার মহিলারা। বিএসএফের দুইজনের নামে কৃষগঞ্জ থানায় অভিযোগ দায়ের করেছে বিএসএফ।

ঘটনার খবর পেয়ে সীমান্তরক্ষী বাহিনীর বড়সড় একটি দল সেখানে পৌঁছায়। বিএসএফের পক্ষ থেকে মথুরাপুর এলাকায় মোট ১০ জনের নামে কৃষগঞ্জ থানায় অভিযোগ জানানো হয়েছে। তদন্তে নেমেছে কৃষগঞ্জ থানার পুলিশ। তবে এখনও কেউ গ্রেফতার হয়নি বলে খবর। মনে করা হচ্ছে, এই ঘটনার পর বাংলাদেশ সীমান্ত লাগোয়া নদিয়া জেলায় কৃষগঞ্জে সক্রিয় পাচারচক্রের বিষয়টি স্পষ্ট হল। সেই চক্র ভাঙতে মরিয়া পুলিশ।

তার মাঝে অবৈধভাবে মজুত করা ফেনসিডিল উদ্ধার করতে গিয়ে বিএসএফের এভাবে আক্রান্ত হওয়ার ঘটনায় আরও স্পষ্ট পাচারকারী ও দুকৃতী যোগ। প্রসঙ্গত, দিনকয়েক আগেই কৃষগঞ্জের মাজদিয়া এলাকা থেকে বাস্কারের খোঁজ পেয়েছিল বিএসএফ। সেখান থেকে প্রচুর পরিমাণে ফেনসিডিল উদ্ধার হয়। বাস্কারে থরে থরে সাজানো ছিল নিষিদ্ধ গুঁড়। বাংলাদেশে পাচারের জন্য তা মজুত করা হচ্ছিল বলে বিএসএফ জানতে পারে।

রেলমন্ত্রী পদত্যাগের দাবি তুলে

শিয়ালদহে বিক্ষোভে शामिल কংগ্রেস কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): রেলমন্ত্রীর পদত্যাগের দাবি তুলে শিয়ালদহে বিক্ষোভে शामिल হলো কংগ্রেস। পোস্টার, ব্যানার হাতে স্টেশন চত্বরে সোমবার প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে প্রতিবাদে নামেন শয়ে শয়ে দলীয় কর্মী। দিল্লির রেল দুর্ঘটনার প্রতিবাদে রেলমন্ত্রীর পদত্যাগের দাবিতে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে শিয়ালদহ স্টেশনে বিক্ষোভে অংশ নেন কংগ্রেস কর্মীরা। স্টেশন চত্বরে ধরনায় বসেন তারা। হাতে সালা-কালো পোস্টারে লেখা — ‘বিজেপি শাসনে রেলযাত্রা মৃত্যুফাঁদ’। শুভঙ্কর সরকার জানান, আমাদের প্রথম দাবি, রেলমন্ত্রী হয় পদত্যাগ করুন নরতো সরকার তাঁকে বরখাস্ত করুন। উনি একজন পণ্ডিত মানুষ। কিন্তু তাঁর ঈর্ষ নেই, লজ্জা নেই যে এই ঘটনার পর পদত্যাগ করা উচিত। মন্ত্রী, সরকার সবাই অপদার্থ। এরা মানুষকে চক্রান্ত করে মেরে ফেলেছে। মহাকুন্তে এত ভিড় হবে, তা কি জানা ছিল না? কেন সেইমতো ব্যবস্থা করা হয়নি?’ তাঁর আরও বক্তব্য, রেলের উপর থেকে সাধারণ মানুষের যাতে ভরসা না উঠে যায়, তার জন্য রেলমন্ত্রীর ইস্তফা জরুরি।

রেশন ডিলারদের ‘ই-পস’ যন্ত্র ব্যবহারের স্পষ্ট নির্দেশ

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): রাজ্য সরকার রেশন ডিলারদের স্পষ্ট নির্দেশ দিয়েছে ‘ই-পস’ যন্ত্র ব্যবহার করে তাদের প্রয়োজনীয় খাদ্য সামগ্রীর মোট পরিমাণ জমা দিতে হবে। এই নির্দেশে রীতিমত অস্থি এবং উদ্ভিগ কিছু রেশন ডিলার। সোমবার, কেন্দ্রীয় খাদ্য সচিব সঞ্জীব চোপড়া কলকাতায় রাজ্য খাদ্য বিভাগ, ভারতীয় খাদ্য কর্পোরেশন এবং কেন্দ্রীয় ওয়ারহাউজিং কর্পোরেশনের কর্মকর্তাদের সাথে একটি বৈঠক করেন। বৈঠকে সরকারের তরফে দাবি করা হয়, খাদ্য সরবরাহ পরিচরনা করতে এবং প্রয়োজনীয় জিনিসপত্র সরবরাহে কোনও বিলম্ব না হওয়া নিশ্চিত করতে ‘ই-পস’ যন্ত্র ব্যবহার সহায়তা করবে। অনেক মানুষ এই উদ্যোগকে স্বাগত জানালেও, কিছু রেশন ডিলার উদ্বেগ প্রকাশ করেছেন। অল ইন্ডিয়া ফেয়ার প্রাইস শপ ডিলারস ফেডারেশনের সাধারণ সম্পাদক বিশ্বজ্ব বসু বলেন যে খাদ্য সামগ্রীর দাম আগে থেকে না জেনে বিশেষ প্যাকেজের চাহিদা অনুমান করা কঠিন। তিনি খাদ্য বিভাগের প্রধান সচিব পারভেজ আহমেদ সিদ্দিকীকে একটি চিঠি লিখে এই পণ্যের দাম সম্পর্কে স্পষ্ট করার আবেদন করেছেন। সামগ্রিক রেশন বিতরণের জন্য খাদ্য সরবরাহ এবং ব্যবস্থাপনা নিয়েও আলোচনা হয় এদিন কেন্দ্র-রাজ্য আধিকারিকদের। বৈঠকে খাদ্য সরবরাহ সম্পর্কিত আর্থিক বিষয়গুলিও তুলে ধরা হয়। কেন্দ্রীয় সরকারের রাজ্যগুলির কাছে অর্থ পাওনা রয়েছে। এটি একটি উদ্বেগের বিষয়। বৈঠকে, কেন্দ্রীয় সচিব রেশন ডিলার ফেডারেশনের সাথে কথা বলেন। পরামর্শ দেন যে রাজ্য সরকারগুলিকে রেশন ডিলারদের কমিশন বৃদ্ধির দায়িত্ব নেওয়া উচিত। এটি ডিলারদের আর্থিক অবস্থার উন্নতি করতে সহায়তা করবে। এই সঙ্গে কেন্দ্র আশ্বাস দিয়েছে যে বিতরণ প্রক্রিয়া মসৃণ করার জন্য বড় আটার বস্তায় খাদ্য সরবরাহ করা হবে।

কেন্দ্রীয় সচিবের সঙ্গে রাজ্যের বৈঠকে কথা রমজানে খাদ্য সরবরাহ নিয়ে

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): রমজানে খাদ্য সরবরাহে কোনও বিলম্ব না হওয়া নিশ্চিত করার উপর জোর দেওয়া হলো সোমবার, কেন্দ্রীয় খাদ্য সচিব সঞ্জীব চোপড়া কলকাতায় রাজ্য খাদ্য বিভাগ, ভারতীয় খাদ্য কর্পোরেশন এবং কেন্দ্রীয় ওয়ারহাউজিং কর্পোরেশনের কর্মকর্তাদের সাথে একটি বৈঠক করেন। রমজানের জন্য বিশেষ রেশন প্যাকেজ ঘোষণা করেছে রাজ্য সরকার। রমজান যত এগিয়ে আসছে, রাজ্য সরকার একটি বিশেষ সম্প্রদায়ের মানুষের পর্যাণ্ড খাবার নিশ্চিত করার জন্য বিশেষ পদক্ষেপ নিচ্ছে। পরিবারগুলিকে প্রয়োজনীয় খাদ্য সামগ্রী পেতে সহায়তা করার জন্য সরকার বিশেষ রেশন প্যাকেজ প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। জাতীয় খাদ্য সুরক্ষা প্রকল্পের আওতায় ৬ কোটি রেশন কার্ডধারীদের জন্য এই প্যাকেজগুলি পাওয়া যাবে। বিশেষ রেশন প্যাকেজগুলিতে আটা, চিনি এবং ছোলার মতো মৌলিক জিনিসপত্র অন্তর্ভুক্ত থাকবে। প্রতিটি পরিবার এই জিনিসপত্রের প্রতিটির ১ কেজি করে পাবে। এই উদ্যোগের লক্ষ্য রমজানে মানুষকে সহায়তা করা এবং তাদের চাহিদা মেটাতে পর্যাণ্ড খাবার নিশ্চিত করা।

২৪ ঘন্টা বাদেও হদ্দিশ নেই যুবক খুনের দায়ে অভিযুক্ত বাবা ও কাকার

মালদা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): মায়ের সঙ্গে বিচ্ছেদের পর ৫২ বছর বয়সে বাবা আবার বিয়ে করেছেন, এটা মানতে পারেননি যুবক। তিনি এর প্রতিবাদ করেছিলেন। অভিযোগ, সে জন্য বাবা এবং কাকা মিলে তাঁকে ঋসাদেধ করে খুন করে ঘরের সিলিং ফ্যান থেকে ঝুলিয়ে দিয়েছেন। ঘটনার পর থেকে অভিযুক্তদের খোঁজ মিলছে না বলে খবর। ঘটনাটি ঘটেছে মালদার কালিয়াচক থানার মোজামপুর গ্রাম পঞ্চায়েতে। অভিযুক্তদের বিরুদ্ধে থানায় খুনের অভিযোগ করেছেন মৃতের মামা। রবিবার থেকে এ নিয়ে ইচ্ছাই এলাকায়। সোমবার পুলিশ জানিয়েছে, অভিযোগের পরিপ্রেক্ষিতে ঘটনার তদন্ত শুরু হয়েছে। যুবকের দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। স্থানীয়েরা জানাচ্ছেন, দিন কয়েক আগে দ্বিতীয় বিয়ে করেন রাজের বাবা সরফরাজ আলম। পরিবারে কোনও সদস্যের এই বিয়েতে আপত্তি ছিল না। তবে শ্রৌচ বাবার দ্বিতীয় বিয়ে মানতে পারেননি যুবক রাজ। সংসারে অসন্তুষ্ট শুরু হয়। অভিযোগ, এর জেরে ছেলেকে খুন করেছেন সরফরাজ। রাজের মামা শামিম নবাবের অভিযোগ, ভাগ্নেকে ঋসাদেধ করে খুন করেছেন সরফরাজ এবং উনি মোমিন। উনি সম্পর্কে রাজের কাকা। পুলিশ সূত্রে খবর, মৃতের নাম রাজ মোমিন। বয়স ২০ বছর। বছর দুয়েক আগে মাদ্রাসা বোর্ডের দশম শ্রেণির পরীক্ষায় পাশ করার পরে আর পড়াশোনা করেননি তিনি। বাবার ব্যবসা দেখতেন। তার মাঝে বাবা-মায়ের বিবাহ-বিচ্ছেদ হয়ে যায়।

সোমবার জিতলেই লা লিগায়

শীর্ষস্থান দখল করবে বাস্বেলোনো বাস্বেলোনো, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): সোমবার জিতলেই লা লিগায় শীর্ষস্থান দখল করবে বাস্বেলোনো। রাতে রায়ো ভায়েকানোর বিপক্ষে মুখোমুখি হবে তারা। বাস্বেলোনোর সামনে এখন দুটি দল। শীর্ষে থাকা রিয়াল মাদ্রিদ আর দুইয়ে থাকা অ্যাটলেটিকো। এই দুটো দলই তাদের আগের ম্যাচ ড্র করেছে। তাই এই দুই দলের ডি টেবিলের শীর্ষে উঠার সুযোগ করে দিয়েছে বাস্বেলোনোকে। তাই সোমবার রাতের রায়ো ভায়েকানোর বিরুদ্ধে ম্যাচটি বাস্বেলোনোর কাছে খুবই গুরুত্বপূর্ণ। এদিন শীর্ষস্থানে উঠতে গেলে বাস্বেলোনোর কাছে জয় ছাড়া কোনও উপায় নেই। বাস্বেলোনোর মার্চে ম্যাচটি শুরু হবে সোমবার রাত দুটোয়। ২৩ ম্যাচ খেলে বাস্বেলোনোর পয়েন্ট ৪৯। আর ২৪ ম্যাচ খেলে রিয়াল ও অ্যাটলেটিকোর পয়েন্ট যথাক্রমে ৫১ ও ৪৮। অর্থাৎ সোমবার ভায়েকানোর বিপক্ষে জিতলেই রিয়ালের সমান পয়েন্ট হবে কাতালান ক্লাবটির, আর গোল ব্যবধানে অনায়াসে টেবিলের শীর্ষস্থানে চলে যাবে তারা। এবার দুর্দান্ত ফর্মে আছে বাস্বেলোনোর ব্রাজিলিয়ান উইন্ডার রামিফানা। তাছাড়া এদিনের ম্যাচে ফ্লিকের তুরূপের ভাস হতে পারেন লামিন ইয়ামালা ও পেদ্রি। আর লেভ্যানডক্স আর গাভিরাতে থাকবেনই ফ্লিকের একাদশে। তবে হোম ম্যাচ হলেও রায়ো ভায়েকানোর বিপক্ষে জয়টা কিন্তু সহজ হবে না বাস্বেলোনোর। কারণ মন্ত্রিরের ক্লাবটি ভালো ফর্মেই আছে। এই মুহূর্তে পয়েন্ট টেবিলের ৬ নম্বর স্থানে আছে তারা। সবচেয়ে বড় কথা নিজেদের শেষ তিন ম্যাচে জয়ের ধারাবাহিকতা বজায় রেখেছে ক্লাবটি।

পিঙ্ক লেডিস কাপের ২৩ সদস্যের দল ঘোষণা

নয়াদিল্লি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): ভারতীয় সিনিয়র মহিলা দলের কোচ ক্রিস্পিন ছেত্রী সোমবার ফিফা আন্তর্জাতিক ম্যাচ উইভে চলাকালীন সংযুক্ত আরব আমিরাতের শারজায় ২০ থেকে ২৬ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হতে যাওয়া প্রীতি টুর্নামেন্টে পিঙ্ক লেডিস কাপের জন্য ২৩ সদস্যের দল ঘোষণা করেছেন। জর্ডান (২০ ফেব্রুয়ারি), রাশিয়া (২৩ ফেব্রুয়ারি) এবং কোরিয়া প্রজাতন্ত্র (২৬ ফেব্রুয়ারি) এর মুখোমুখি হবে ভারত। সমস্ত ম্যাচ সংযুক্ত আরব আমিরাতের শারজাহের আল হামরিয়া স্পোর্টস ক্লাব স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।

পিঙ্ক লেডিস কাপের জন্য ভারতের ২৩ সদস্যের দল

গোলরক্ষক: এলবাম পাচোই চানু, পায়োল বাসুদে, শ্রেয়া ছুড়া। ডিফেন্ডার: অরুণা ব্যাগ, কিরণ পিসাদা, মার্চিনা খোকচাম, নির্মলা দেবী ফিল্ডব্যাম, পূর্ণিমা কুমারী, সঞ্জু, শিঙ্কি দেবী হেচাম, সুইটি দেবী এনগাংবাম। মিডফিল্ডার: বাবিনা দেবী লিশাম, গ্রেস ডাংমেই, মৌসুমি মুরম, প্রিয়দর্শিনী সোল্লাদুরাই, প্রিয়াংকা দেবী নওরেন, রতনমালা দেবী ঝংমাইথেম। ফরোয়ার্ড: কারিশমা পুরুষোত্তম শিরভেইকার, লিভা কম সার্ভো, মনীষা, রেনু, সন্ধ্যা রসনাথন, সৌমা গুণ্ডলথ।

কোনও বিধায়ক প্রশ্ন করলে সেটার উত্তর বিধানসভাতেই দিতে হবে, ইন্দ্রনীলকে বার্তা স্পিকারের

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি. স.): বিধানসভার অধিবেশনে রাজ্যের পর্যটন নিয়ে আলোচনার সময়ে মন্ত্রী ইন্দ্রনীল সেনকে উদ্দেশ্য করে বিশেষ বার্তা দিলেন স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়। তাঁকে কার্যত বিধানসভার নিয়ম মনে করালেন তিনি। বিধানসভায় পর্যটন নিয়ে একটি প্রশ্ন করেন বিজেপি বিধায়ক নরহরি মাহাচার্য। জবাবে ইন্দ্রনীল সেন বলেন, ‘প্রকল্প সংক্রান্ত বিষয়ে জানতে গেলে জেলাশাসকের মাধ্যমে আসতে হবে।’ তখনই নিরাপেক্ষ স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় মন্ত্রীর উদ্দেশ্য করে বলেন, ‘বিধানসভার নিয়ম অনুযায়ী, অন রেকর্ড প্রশ্নের ক্ষেত্রে প্রস্তাব আপনাকে বাস্তবায়ন করতেই হবে। এটা বিধানসভা, ডিএম অফিস নয়। বিধানসভায় একটা মত্যালা আছে। তাই যেটা দরকার সেটা করতেই হবে। কোনও বিধায়ক প্রশ্ন করলে সেটার উত্তর বিধানসভাতেই দিতে হবে।’

কিছু বাংলাদেশিরও ভারতের আধার-ভোটার কার্ড আছে, মন্তব্য হাইকোর্টের

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): বাংলাদেশি অনুপ্রবেশকারীদেরও আধার-ভোটার কার্ড রয়েছে। তাই এই দুই পরিচয়পত্র কি আদৌ ভারতীয় নাগরিক হওয়ার প্রমাণ? সোমবার জাল পাসপোর্ট মামলার শুনানিতে এই প্রশ্ন তুলে দিল কলকাতা হাই কোর্টের বিচারপতি দেবাংশু বসাকের ডিভিশন বেঞ্চ। বর্ধমানের বাসিন্দা দুলাল শীল ও তাঁর স্ত্রী স্বপ্না শীলকে একবছর আগে গ্রেফতার করে পুলিশ। অভিযোগ, তাঁরা আদতে বাংলাদেশি। জাল আধার-ভোটার কার্ড বানিয়ে এদেশে থাকছিলেন বলে দাবি পুলিশের। সোমবার তাঁদের জামিন মামলায় বিফোর্সরক মন্তব্য করলেন বিচারপতি। তাঁর পরাবেক্ষণ, ‘আধার কার্ড, ভোটার কার্ড থাকলেই ভারতীয় নাকি? এই রকম জাল আধার কার্ড, ভোটার কার্ড এবং রেশন কার্ড প্রত্যেক বাংলাদেশির আছে। ওদের আবার কেউ কেউ এদেশের নাগরিক দেখাতে করণ দেয়।’ তাঁর কথায়, ‘আমেরিকা থেকে যাদের বের করে দিচ্ছে, তাঁদের মধ্যেও এই একই ঘটনা দেখা যাচ্ছে।’ এদিন মামলাকারীরা আইনজীবীর বক্তব্য, অভিযান দফতর থেকে কেউ উত্তর দেয়নি। ফলে পাসপোর্ট জাল করেছে, তা নীতিভাবে প্রমাণিত? জানা গিয়েছে, ২০১০ সালে এদেশে আসে ওই পরিবার। ফরেনার্স রেজিস্ট্রেশন অ্যামেন্ড আইন ২০১৯ আইনের ধারা ২ অনুযায়ী ২০১৪ সালের আগে যারা এদেশে এসেছেন তাঁদের এদেশের নাগরিক বলে গণ্য করা হবে। এই যুক্তি দেখিয়ে জামিনের আবেদন জানিয়েছিলেন অভিযুক্তদের আইনজীবী। কিন্তু তাতে সন্তুষ্ট হাননি বিচারপতি। বর্ধমানের ওই দম্পতির জামিন খারিজ করে দেয় আদালত।

দুর্ঘটনা এড়াতে নয়াদিল্লি রেলস্টেশনে বন্ধ করা হল প্ল্যাটফর্ম টিকিট বিক্রি

নয়াদিল্লি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): পদপিষ্টের ঘটনার পর কড়া সতর্কতা নয়াদিল্লি রেল স্টেশনে। কোনও রকম দুর্ঘটনা এড়াতে এবার বন্ধ করে দেওয়া হল প্ল্যাটফর্ম টিকিটের বিক্রি। সোমবার থেকে ২৬ ফেব্রুয়ারি অর্থাৎ কুস্তমেলার শেষ দিন পর্যন্ত প্ল্যাটফর্ম টিকিট বিক্রি নিষিদ্ধ করা হয়েছে। পরিস্থিতি বিবেচনা করে রেলওয়ে বোর্ড এই সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গিয়েছে। রেলকর্তারা জানান, যাত্রীদের স্টেশনে ছাড়ার জন্য পরিবারের অন্যান্য ব্যক্তিরাও তাঁদের সঙ্গে স্টেশনে আসেন। তাতেই ভিড় বেড়ে যায়। পদপিষ্ট হওয়ার দিনও প্রচুর সংখ্যক মানুষ তাদের পরিবারের সদস্যদের ট্রেনে তুলে দিতে আসেন। প্ল্যাটফর্মে যাত্রী সংখ্যা এমনিতেই বেশি ছিল। এই পরিস্থিতিতে প্ল্যাটফর্ম টিকিট কেটে আসা লোকের সংখ্যাও বেড়ে যাওয়ায় ভিড় আরও বেড়ে যায়। সেই অবস্থিত ভিড় রখাতই প্ল্যাটফর্ম টিকিট বিক্রি বন্ধ করা হয়েছে বলে সূত্রে খবর। এই নির্দেশের পরেও যদি কোনও ব্যক্তি পরিবারের সদস্যদের ট্রেনে তুলতে আসেন তাহলে তিনি প্ল্যাটফর্মে যেতে পারবেন না। আর প্ল্যাটফর্ম টিকিট ছাড়া আত্মীয়দের ট্রেনে তুলতে ভিতরে গিয়ে যদি ধরা পড়েন তাহলে তাঁকে জরিমানা করা হবে। ফলে সমস্যায় পড়তে পারেন সেই ব্যক্তি। তাই রেলের তরফে অনুরোধ করা হয়েছে, সংশ্লিষ্ট যাত্রী ছাড়া অন্য কেউ যেন প্ল্যাটফর্মে না ঢোকেন।

জীবনতলায় বিজেপি কর্মীদের উপর হামলায় অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে

ক্যানিং, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): এলাকায় বিজেপি করার অপরাধে বিজেপির সক্রিয় কর্মী বাপন মন্ডল ও তাঁর পরিবারের উপর হামলার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। ক্যানিং পূর্ব বিধানসভার অন্তর্গত জীবনতলা থানার মটেরদীঘিতে ঘটনাটি ঘটেছে। ঘটনায় আহত একই পরিবারের ৫ সদস্য। আহতদের উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে নিয়ে আসা হয়েছে। অভিযোগ, এলাকার তৃণমূল কর্মীরা পরিকল্পনা করে এই হামলা চালিয়েছে বাপন মন্ডলের বাড়িতে। সোমবার বিকেলে ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। দীর্ঘদিন ধরে প্রতিবেশী শ্যামল দাস, সুরত দাসদের সঙ্গে জমি নিয়ে বিবাদ ছিল। জোর করে বাপনদের জমি হাতিয়ে নেওয়ার চেষ্টা করে অভিযুক্তরা। এই বিবাদে আদালতে মামলা করে বাপন। সেই রাগ থেকেই এদিন পরিকল্পনা করেই বাপনের বাড়িতে হামলা চালানো হয় বলে অভিযোগ। পুলিশের সামনেই প্রাধান্যের হুমকি দেওয়া হয় বলেও অভিযোগ। পুলিশ কোনও ব্যবস্থা নেয়নি বলেই দাবি আক্রান্ত বিজেপি কর্মীদের। যদিও বিজেপির তোলা অভিযোগ অস্বীকার করেছেন এলাকার তৃণমূল নেতৃত্বহারা।

বাজারিছড়ায় হেরোইন সমেত গ্রেফতারকৃত যুবককে শ্রীভূমি আদালতে প্রেরণ আদালতের

শ্রীভূমি (অসম), ১৭ ফেব্রুয়ারি (হি.স.): শ্রীভূমি জেলার অন্তর্গত বাজারিছড়া পুলিশের অভিযানে হেরোইন সমেত বৃত্ত আকবর আলিকে জেলা কারাগারে পাঠিয়েছে আদালত। গোপন খবরের ভিত্তিতে রবিবার মথুরাতে বাজারিছড়া থানার পুলিশের এক দল কটামণির উত্তর তেজপুর্ গ্রামের বাসিন্দা ২৭ বছর বয়সি জনৈক আকবর আলির বসতঘরে অভিযান চালায়। তাঁর ঘরে তালাশি চালিয়ে একটি সাবানের বাস্কে ৪২ গ্রাম সন্দেহজনক হেরোইন সহ ১৯টি খালি কৌটা বাজেয়াপ্ত করেছে অভিযানকারী পুলিশ। মান্দক কারবারে জড়িত অভিযোগে আকবর আলিকে আটক করে থানায় নিয়ে যায়। বাজেয়াপ্তকৃত হেরোইনগুলির আন্তর্জাতিক বাজারে কমপক্ষে চার লক্ষ টাকা হবে বলে পুলিশ সূত্রে জানা গেছে। বৃত্ত আকবর আলিকে রাতভর থানায় জেরা করে এনডিপিএস-এর নির্দিষ্ট ধারায় তার বিরুদ্ধে মামলা রুজু করে বাজারিছড়া থানার পুলিশ। আজ সোমবার তাকে শ্রীভূমি বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের আদালতে পেশ করা হয়। আদালত শুনানি শেষে আকবর আলিকে জেল হাজতে পাঠানোর নির্দেশ দেয়।

রেকর্ড গড়েই চলেছে

মহাকুন্ত, ৫২.৯৬ কোটির বেশি ভক্তের পুণ্যমান সম্পন্ন

প্রয়াগরাজ, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): একের পর এক রেকর্ড গড়েই চলেছে প্রয়াগরাজের মহাকুন্ত মেলা। এবাবৎ মহাকুন্ত মেলায় আগত ৫২.৯৬ কোটির বেশি ভক্ত পুণ্যমান করেছেন। শুধুমাত্র সোমবার ভোররাত থেকে বিকেল ৪টে পর্যন্ত ১.০৮ কোটির বেশি ভক্ত ত্রিবৈধী সদমে পুণ্যমান করেছেন। উত্তর প্রদেশের তথা দক্ষতর থেকে জানানো হয়েছে, সোমবার বিকেল ৪টে পর্যন্ত ১.০৮ কোটির বেশি ভক্ত ত্রিবৈধী সদমে পুণ্যমান করেছেন। আর সব মিলিয়ে ৫২.৯৬ কোটির বেশি ভক্ত শ্রীমান্নী স্থান করেছেন সদমে।

চলতি বছরে মেলা শুরু হয়েছে গত ১৩ জানুয়ারি থেকে। চলবে আগামী ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রশাসন ভেবেছিল ৪০ কোটি পুণ্যার্থী জড়ো হতে পারেন মেলায়। কিন্তু বাস্তবে হল তার অনেক বেশি। দেশ থেকে বিশেষ, কাতারে কাতারে ভক্ত সমাগম হয়েছে মহাকুন্তে। এখনও পর্যন্ত ৫২.৯৬ কোটির বেশি ভক্ত মহাকুন্ত পুণ্যমান করেছেন।

শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগে ধৃত যুবক দোষী সাব্যস্ত

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): ৭ মাসের এক শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগে এক যুবককে দোষী সাব্যস্ত করল কলকাতার ব্যাঙ্কশাল আদালত। মঙ্গলবার সাজা ঘোষণা করা হবে। গত নভেম্বর মাসের ৩০ তারিখ কলকাতার বড়তলা থানায় ওই শিশুকন্যা নিখোঁজ হওয়ার অভিযোগ জমা পড়ে। তদন্তে নেমে এরপর ওই শিশুটিকে উদ্ধারও করে পুলিশ। ওই শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগে এরপর বাড়গ্রাম থেকে অভিযুক্ত যুবক গ্রেফতার হয়। পক্ষসে আইনে মামলা দায়ের করা হয় যুবকের বিরুদ্ধে। পুলিশ ঘটনার ২৬ দিনের মাথায় চার্জশিট পেশ করে। গ্রেট প্যাটার্ন মেথড ও রাইট ব্রকার সিস্টেম ব্যবহার করেই তদন্ত সাফল্য আসে। সেই সমস্ত তথ্যপ্রমাণ সংগ্রহ করে আদালতে জমা দেয় পুলিশ। প্রসঙ্গত, গত বছর বড়তলা থানা এলাকার ফুটপাতে শুয়ে কাঁদছিল সাত মাসের এক শিশুকন্যা। যৌনাসে একাধিক ক্ষত ছিল। স্থানীয়েরা তাকে উদ্ধার করে পুলিশের হাতে তুলে দেন। হাসপাতালে প্রাথমিক পরীক্ষায় যৌন নির্যাতনের প্রমাণ মেলে। ওই দিনই থানায় সাত মাসের শিশুকন্যার নিখোঁজ হওয়ার অভিযোগ দায়ের করেছিলেন দোষী সাব্যস্ত করেছেন। ব্যাঙ্কশাল আদালত অভিযুক্ত যুবককে সোমবার দোষী সাব্যস্ত করেছে। মঙ্গলবার হবে সাজা ঘোষণা।

দ্রুততার সঙ্গে চলছে যমুনা

পরিষ্কারের কাজ, তৎপরতা তুঙ্গে

নয়াদিল্লি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): রাজধানী দিল্লিতে দ্রুততার সঙ্গে চলেছে যমুনা নদী পরিষ্কারের কাজ। রবিবার থেকে শুরু হয়েছে যমুনা পরিষ্কারের কাজ। সোমবার দিল্লির আইটিও-তে যমুনা নদী পরিষ্কার করতে দেখা যায়। উপরাজ্যপাল বিনয় কুমার সাজ্জনার নির্দেশ অনুসারে আইটিও ছুট ঘাটের কাছে যমুনা নদী পরিষ্কারের প্রক্রিয়া শুরু হয়েছে। অতিরিক্ত মুখ্য সচিব নবীন কুমার চৌধুরী বলেছেন ‘সর্বোচ্চ স্তরের নির্দেশ অনুসারে, আমরা ২০২৭ সালের আগে আগামী ৩ বছরে যমুনা পরিষ্কার করব। কাজটি ৩-৪ পর্যায়ে করা হবে। প্রথমটি হল নদীর তল থেকে কঠিন বর্জ্য অপসারণ করা। সেই কাজটি আরও ভালভাবে চলছে এবং সমস্ত এসটিপি রোমরামত করা। যমুনায় যাতে কোনও রাসায়নিক নিঃসৃত না হয়, আমরা তা নিশ্চিত করব।’

উত্তর প্রদেশে গমক্ষেতে মিলল কৃষকের দেহ

মির্জাপুর, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): উত্তর প্রদেশের জিগনা থানার অন্তর্গত গোগাঁও-তে সোমবার সকালে এক কৃষকের দেহ গমক্ষেতে পড়ে থাকতে দেখা যায়। খবর পেয়ে পুলিশ ফরেনসিক দল নিয়ে ঘটনাস্থলে পৌঁছে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। এক পুলিশ আধিকারিক জানান, মৃত কৃষক কোলেপুর্ গ্রামের বাসিন্দা বাবলু বিন্দ (৩৫), তিনি প্রতিবন্ধী ছিলেন। মৃতের বড় ভাই জানান, রবিবার সন্ধ্যায় বাবলু সেচের কাজের জন্য মাঠে যান কিন্তু বাড়ি ফিরে আসেননি। সোমবার সকালে তাঁর দেহ ক্ষেতের ওপর পড়ে ছিল। তদন্ত শুরু করা হচ্ছে পুলিশ।



সোমবার টিএমপির উদ্যোগে আগরতলায় পশ্চিম থানায় এক ডেপুটেশন প্রদান করা হয়।

জাগরণ আগরতলা ১৮ ফেব্রুয়ারি, ২০২৫ ইং, ■ ৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ, মঙ্গলবার

মাশরুম চাষে দৃষ্টান্ত স্থাপন করলেন দ্বারিকাপুরের বাবুল দাস

কল্যাণপুর, ১৭ ফেব্রুয়ারী: বর্তমান সমাজ ব্যবস্থায় অর্থনীতির চাকাকে সচল রাখার প্রয়োজনে বিকল্প অর্থনৈতিক কাজগুলো বরাবর বিশেষ মর্যাদায় আসীদ থাকে। অস্বীকার করার উপায় নেই, এই সমস্ত বিভিন্ন অর্থনৈতিক কাজগুলো সমাজকে নতুন করে পথ দেখায়, আর যারা এই সমস্ত কাজগুলোকে প্রকৃত অর্থে সফলতায় পরিণত করে তারা সমাজের চোখে দৃষ্টান্ত। এইরকমই একজন দৃষ্টান্ত কর্তী মাশরুম চাষি হলেন কল্যাণপুর এর দ্বারিকা পুর গ্রামের বাবুল দাস।সম্পূর্ণ বার্জিতত উদ্যোগে বাবুল বাবু নিজ বসতঘরে দীর্ঘদিন ধরেই মাশরুম চাষ করে চলেছেন। কথাপ্রসঙ্গে সংশ্লিষ্ট প্রতিবেদকের সাথে মতবিনিময় করতে গিয়ে সফল মাশরুম চাষী বাবুল দাস দাবি করেছেন তিনি আগামী দিনে এই মাশরুম চাষকে আরো বিকশিত করতে চান। তবে এক্ষেত্রে কিছু প্রতিক্রম্বকতা রয়েছে ,যেগুলো নিরসনের জন্য শ্রী দাস প্রশাসনের দৃষ্টি কামনা করছেন। বাবুল বাবু দাবি করেছেন প্রশাসন যদি ওনােকে জল দেওয়ার মেশিনের ব্যবস্থা করে দেন তাহলে হয়তো আগামী দিনে নিজের এই মাশরুম চাষকে আরো বেশি করে বিকশিত করতে পারবেন, যদিও এখন নিজ উদ্যোগে অন্যান্য কাজের পাশাপাশি যেভাবে সফলতার সাথে মাশরুম চাষে দাড়িকা পুরের বাবুল দাস দৃষ্টান্ত স্থাপন করে চলেছেন তা দেখে সমাজের অন্যান্যদের অনুপ্রাণিত হওয়া যে উচিত, তা কিন্তু কোন ভাবেই অস্বীকার করা যায় না।

ভূকম্পন

●**প্রথম পাতার পর**
এডুকেশনের জমির ঠিক নীচে ভূমিকম্প হয়েছে। মাটি থেকে গভীরতা খুব বেশি নয়, মাত্র পাঁচ কিলোমিটার। ভূমিকম্পের উপকেন্দ্রেই অবস্থিত ঝিল পার্ক।

পার্কের এক তত্ত্বাবধায়ক মহাবীর বলেন, ‘আমি সকালে উপড়ে যাওয়া গাছটি দেখলাম। এটি একটি ২০-২৫ বছরের পুরানো গাছ। এমনিট ভূমিকম্পের কারণে ঘটেছে, কারণ এখানে হাওয়া অথবা বজ্রপাত কিছুই হয়নি। শ্রমিকরা জানান, ভূমিকম্পের পর পার্কে উপরে পড়া গাছটি তাঁরা দেখতে পান।’ আরেক তত্ত্বাবধায়ক জানকি দেবী বলেন, ‘উপড়ে যাওয়া গাছ ছাড়া আর কোনও ক্ষতি হয়নি। ভোর সাড়ে ছটা নাগাদ ভূমিকম্প অনুভূত হয়; খুব প্রবল কম্পন অনুভূত হয়। তারপর দেখা যায় গাছটি উপড়ে গেছে।’

ছিনতাইবাজ

●**প্রথম পাতার পর**
জোরপূর্বক নিয়ে পালিয়ে যায়। সাথে সাথে ওই মহিলা চিংকার চৌচামেচি শুরু করেছিলেন। ততক্ষণে ঘটনাস্থল থেকে ছিনতাইকারী পালিয়ে যেতে সক্ষম হয়েছেন। পরবর্তী সময়ে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। তাছাড়া, ২২ ফেব্রুয়ারী ও ১৬ ফেব্রুয়ারী কাঁসারি পল্লি থেকে ফেরার পথে এক মহিলা ছিনতাইয়ের শিকার হয়েছেন।পুলিশ ওই ঘটনার তদন্তে নেমেছে। তদন্তে নেমে শ্যামলী বাজারের বাসিন্দা বিপ্রজিৎ নামে এক যুবককে আটক করে পুলিশ। তার কাছ থেকে চুরি যাওয়া স্বর্ণালঙ্কার উদ্ধার করতে সক্ষম হয়েছে পুলিশ।

এদিন তিনি আরও বলেন, চুরি যাওয়া স্বর্ণালঙ্কার সহ চুরি কাজে ব্যবহৃত হওয়ার বাইক উদ্ধার করা হয়েছে। আজ তাকে পুলিশ রিমান্ড চেয়ে আদালতে সোপর্ন করা হয়েছে।

<div>বিজ্ঞান সম্পর্কিত সতর্কীকরণ</div>
জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অবগত করা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।
বিজ্ঞানন বিভাগ জাগরণ
<div><div></div><div><h1>জরুরী</h1></div><div><h1>পরিষেবা</h1></div></div>
<p>হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চকুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০০। আ্যাম্বুলেন্স : একতা সংস্থা : ৯৭৭৪৯৮৯৯৬৬ ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর মডার্ন ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৬ রিলিভার্স : ৯৮২৬৬৭৪৪৮ কর্ণেল চৌমুহনী যুব সংস্থা : ৯৮২৫৭০১১৬/সহতি ক্লাব : ৮৭৯৪১ ৬৮২৮২, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৪৬৪০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৪৪১৬৮৮১ শতদল সংঘ : ৯৮২৬৯৩৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩১-৯৬৭৮, টিআরটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলে। সংঘ : ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৩৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন : ২৩২৬১০০। চাইল্ড লাইন : ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘণ্টা)। ব্রাদার ব্যাঙ্ক : জিবি : ২৩৫-৯২৮৮ (পি বি এন্ড), আইজিএম : ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ কমসোপলিটন ক্লাব : ৯৮৫৬০ ৩৩৭৭৬, শবরবাছী যান : নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪০১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪৮৪৪৬৫৬ বটতলা নাগরজলা স্ট্যান্ড ডেভেলপমেন্ট সোসাইটি : ০৩৮১-২৩৭৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮২৬০২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৭১১২০, ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট : ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮৩৭০৫৯৫৯৮, কৃষ্ণবন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৮১৮১০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দুকান পরিচালক সমিতি : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, সূর্য ভোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগন্তুক ক্লাব : ৭০০৫৪৬০০৩৫/৯৪৩৬৫১৮১১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬৩০, বাধারঘাট : ১০১/২৩৭-৪৩৩৩, কৃষ্ণবন : ২৩৫-৩১০১, মহারাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ পুলিশ : পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলী থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, মিটি কন্ট্রোল : ২৩২-৫৭৮৪, বিদ্যুৎ : বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা চৌমুহনী : ২৩২-০৭৩০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। বিমানবন্দর এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ২৩৪-২০২০, এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর : ১৮৬৩০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো : ২৩৪-১২৬৩, স্পাইস জেট : ২৩৪-১৭৭৮, রেল সার্ভিস : রিজার্ভেশন : ২৩২-৫৫৩৩ আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৬।</p>

দ্রুততার সঙ্গে চলছে যমুনা পরিষ্কারের কাজ তৎপরতা তুঙ্গে

নয়াদিিলি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): রাজধানী দিল্লিতে দ্রুততার সঙ্গে চলছে যমুনা নদী পরিষ্কারের কাজ। রবিবার থেকে শুরু হয়েছে যমুনা পরিষ্কারের কাজ। সোমবার দিল্লির আইটিও-তে যমুনা নদী পরিষ্কার করতে দেখা যায়। উপরাজাপাল বিনয় কুমার সাজেনার নির্দেশ অনুসারে আইটিও ছঁট ঘাটের কাছে যমুনা নদী পরিষ্কারের প্রক্রিয়া শুরু হয়েছে। অতিরিক্ত মুখ্য সচিব নবীন কুমার চৌধুরী বলেছেন সর্বােচ্চ স্তরের নির্দেশ অনুসারে, আমরা ২০২৭ সালের আগে অগামী ৩ বছরে যমুনা পরিষ্কার করব। কাজটি ৩-৪ পর্যায়ে করা হবে। প্রথমটি হল নদীর তল থেকে কঠিন বর্জ্য অপসারণ করা। সেই কাজটি আরও ভালভাবে চলছে এবং সমস্ত এসটিপি মেরামত করা। যমুনায় যাতে কোনও রাসায়নিক নিঃসৃত না হয়, আমরা তা নিশ্চিত করব।’

উত্তর প্রদেশে গমক্ষেতে মিলল কৃষকের দেহ

মির্জাপুর, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): উত্তর প্রদেশের জিগনা থানার অন্তর্গত গোগাঁও—তে সোমবার সকালে এক কৃষকের দেহ গমক্ষেতে পড়ে থাকতে দেখা যায়। খবর পেয়ে পুলিশ ফরেনসিক স্কল নিয়ে ঘটনাস্থলে পৌঁছে দেহটি উদ্ধার করে ময়নাতত্ত্বের জন্য পাঠায়। এক পুলিশ আধিকারিক জানান, মৃত কৃষক কোলপুর গ্রামের বাসিদা বাবুল বিন্দ (৩৫), তিনি প্রতিবন্ধী ছিলেন।

মৃতের বড় ভাই জানান, রবিবার সন্ধ্যায় বাবলু সেচের কাজের জন্য মাঠে যান কিন্তু বাড়ি ফিরে আসেননি। সোমবার সকালে তাঁর দেহ ক্ষেতের ওপর পড়ে ছিল। তদন্ত শুরু করেছে পুলিশ।

বাজারিছড়া হেরোইন সমেত গ্রেফতারকৃত যুবককে শ্রীভূমি আদালতে প্রেরণ আদালতের

শ্রীভূমি (অসম), ১৭ ফেব্রুয়ারি (হি.স.): শ্রীভূমি জেলার অন্তর্গত বাজারিছড়া পুলিশের অভিযানে হেরোইন সমেত ধৃত আকবর আলিকে জেলা কারাগারে পাঠিয়েছে আদালত।

গোপন খবরের ভিত্তিতে রবিবার মধ্যরাত্রে বাজারিছড়া থানার পুলিশের এক দল কটামণির উত্তর তেজপুর্ন গ্রামের বাসিদা ২৭ বছর বয়সি জনৈক আকবর আলির বসতঘরে অভিযান চালায়। তার ঘরে তাল্লাশি চালিয়ে একটি সাবানের বাসেে ৪২ গ্রাম সন্দেহজনক হেরোইন সহ ১৯টি খালি কেঁটা বাজেয়াপ্ত করেছে অভিযানকারী পুলিশ। মাদক কারবারে জড়িত অভিযোগে আকবর আলিকে আটক করে থানায় নিয়ে যায়। বাজেয়াপ্তকৃত হেরোইনগুলির আন্তর্জাতিক বাজারে কমপক্ষে চার লক্ষ টাকা হবে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

ধৃত আকবর আলিকে রাতভর থানায় জেরা করে এনডিপিএস-এর নির্দিষ্ট ধারায় তার বিরুদ্ধে মামলা রুজু করে বাজারিছড়া থানার পুলিশ। আজ সোমবার তাকে শ্রীভূমি বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের আদালতে পেশ করা হয়। আদালত শুনানি শেষে আকবর আলিকে জেল হাজতে পাঠানোর নির্দেশ দেয়।

লা লিগায় শীর্ষস্থান দখল করবে বার্সেলোনা

বার্সেলোনা, ১৭ ফেব্রুয়ারি(হি.স.): সোমবার জিতলেই লা লিগায় শীর্ষস্থান দখল করবে বার্সেলোনা। রাতে রায়ো ভায়েকানোর বিপক্ষে মুখোমুখি হবে তারা। বার্সেলোনার সামনে এখন দুটো দল। শীর্ষে থাকা রিয়াল মাদ্রিদ আর দুইয়ে থাকা আতলেটিকো। এই দুটো দলই তাদের আগের ম্যাচ ড্র করেছে। তাই এই দুই দলের ড্র টেবিলের শীর্ষে উঠার সুযোগ করে দিয়েছে বার্সেলোনাকে। তাই সোমবার রাতের রায়ো ভায়েকানোর বিরুদ্ধে ম্যাচটি বার্সেলোনার কাছে খুবই গুরুত্বপূর্ণ। এদিন শীর্ষস্থানে উঠতে গেলে বার্সার কাছে জয় ছাড়া কোনও উপায় নেই। বার্সেলোনার মাঠে ম্যাচটি শুরু হবে সোমবার রাত দুটোয়। ২৩ ম্যাচ খেলে বার্সার পয়েন্ট ৪৯। আর ২৪ ম্যাচ খেলে রিয়াল ও অ্যাতলেটিকোর পয়েন্ট যথাক্রমে ৫১ ও ৪৮। অর্থাৎ সোমবার ভায়েকানোর বিপক্ষে জিতলেই রিয়ালের সমান পয়েন্ট হবে কাতালান ক্লাবটির, আর গোল ব্যবধানে অনান্যসে টেবিলের শীর্ষস্থানে চলে যাবে তারা। এবার দুর্দান্ত ফর্মে আছেন বার্সার ব্রাজিলিয়ান উইঙ্গার রাফিনহা। তাছাড়া এদিনের ম্যাচে ফ্লিকের তরুণের তাস হতে পারেন লামিন ইয়ামাল ও পেদ্রি। আর লেওয়ান্ডস্কি আর গন্ডিরাতো থাকবেনই ফ্লিকের একাদশে। তবে হোম ম্যাচ হলেও রায়ো ভায়েকানোর বিপক্ষে জয়টা কিন্তু সহজ হবে না বার্সার। কারণ মন্ত্রিদের ক্লাবটি ভালো ফর্মেই আছে। এই মুহূর্তে পয়েন্ট টেবিলের ৬ নম্বর স্থানে আছে তারা। সবচেয়ে বড় কথা নিজীদের শেষ তিন ম্যাচে জয়ের ধারাবাহিকতা বজায় রেখেছে ক্লাবটি।

পিঙ্ক লেডিস কাপের ২৩ সদস্যের দল ঘোষণা

নয়াদিিলি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): ভারতীয় সিনিয়র মহিলা দলের কোচ ক্রিপ্পিন ছেত্রী সোমবার ফিফা আন্তর্জাতিক ম্যাচ উইভেই চলাকালীন সংযুক্ত আরব আমিরাতের শারজায় ২০ থেকে ২৬ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হতে যাওয়া প্রীতি টুর্নামেন্ট পিঙ্ক লেডিস কাপের ২৩ সদস্যের দল ঘোষণা করেছেন। জডোন (২০ ফেব্রুয়ারি), রাশিয়া (২৩ ফেব্রুয়ারি) এবং কোরিয়া প্রজাতন্ত্র (২৬ ফেব্রুয়ারি) এর মুখোমুখি হবে ভারত। সমস্ত ম্যাচ সংযুক্ত আরব আমিরাতের শারজাহের আল হামরিয়া স্পোর্টস ক্লাব স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।পিঙ্ক লেডিস কাপের জন্য ভারতের ২৩ সদস্যের দল- গোলরক্ষক : এলংবাম পাছোই চানু, পায়োল বাসুদে, শ্রেয়া হর্ডা ডিফেন্ডার : অরুণা ব্যাগ, কিরণ পিসদা, মার্চিনা থোকমক, নির্মলা দেবী ফাঙ্কুবাম, পূর্ণিমা কুমারী, সঞ্জু, শিক্দি দেবী হেমাম, সুইটি দেবী এনগাংবাম।মিডফিল্ডার : বাবিনা দেবী লিশাম, থ্রেস নওরেম, রতনবালা দেবী নংমাইথেম ফরোয়াড : কারিশমা পুরুষোত্তম শিরভোইকার, লিভা কম সাতোে, মনীষা, রেনু, সন্ধ্যা রত্ননাথন, সৌম্য গুণ্ডলথ।

মহাকুস্তে ফের আণ্ডন, এবার চাঞ্চল্য ছড়ালো সেক্টর ৮-এ

প্রয়াগরাজ, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): মহাকুস্তে ফের আণ্ডন-মেলকা। এবার আণ্ডন লাগল সেক্টর ৮-এ। সোমবার প্রয়াগরাজের মহাকুস্ত-আলো চহরের ৮ নম্বর সেক্টরে একটি খালি কাপের আণ্ডন লাগে। মদকল ও পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে যায়, আণ্ডন নিয়ন্ত্রণে আনা হয়। অনুরূপ ঘটনার ঠিক দুই দিন পর এই ঘটনা ঘটা, যখন সেক্টর ১৮ এবং ১৯-এর মধ্যে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটল। এই অগ্নিকাণ্ডে হতাহতের কোনও ঘটনা ঘটেনি। মদকল কর্মীদের চেষ্টায় বড়সড় বিপদ থেকে রক্ষা পাওয়া গিয়েছে।

রেকর্ড গড়েই চলছে মহাকুস্ত, ৫২.৯৬ কোটির বেশি ভক্তের পূণ্যমান সম্পন্ন

প্রয়াগরাজ, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): একের পর এক রেকর্ড গড়েই চলছে প্রয়াগরাজের মহাকুস্ত মেলা। এযাবৎ মহাকুস্ত মেলায় আগত ৫২.৯৬ কোটির বেশি ভক্ত পূণ্যমান করেছেন। শুধুমাত্র সোমবার ভোররাত থেকে বিকেল ৪টে পর্যন্ত ১.০৮ কোটির বেশি ভক্ত ত্রিবেণী সঙ্গমে পূণ্যমান করেছেন। উত্তর প্রদেশের তথ্য দফতর থেকে জানানো হয়েছে, সোমবার বিকেল ৪টে পর্যন্ত ১.০৮ কোটির বেশি ভক্ত ত্রিবেণী সঙ্গমে পূণ্যমান করেছেন। আর সব মিলিয়ে ৫২.৯৬ কোটির বেশি ভক্ত শাহী স্নান করেছেন সঙ্গমে।

চলতি বছরে মেলা শুরু হয়েছে গত ১৩ জানুয়ারি থেকে। চলবে আগামী ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রশাসন ভেবেছিল ৪০ কোটি পূণ্যার্থী জড়ো হতে পারেন মেলায়। কিন্তু বাস্তবে হল তার অনেক বেশি। দেশ থেকে বিদেশ, কাতারের কাতারে ভক্ত সমাগম হচ্ছে মহাকুস্তে। এখনও পর্যন্ত ৫২.৯৬ কোটির বেশি ভক্ত মহাকুস্তে পূণ্যমান করেছেন।

দুর্ঘটনা এড়াতে নয়াদিল্লি রেলস্টেশনে বন্ধ করা হল প্ল্যাটফর্ম টিকিট বিক্রি

নয়াদিিলি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): পদপিষ্টের ঘটনার পর কড়া সতর্কতা নয়াদিল্লি রেল স্টেশনে। কোনও রকম দুর্ঘটনা এড়াতে এবার বন্ধ করে দেওয়া হল প্ল্যাটফর্ম টিকিটের বিক্রি।সোমবার থেকে ২৬ ফেব্রুয়ারি অর্থাৎ কুস্তমেলার শেষ দিন পর্যন্ত প্ল্যাটফর্ম টিকিট বিক্রি নিষিদ্ধ করা হয়েছে। পরিস্থিতি বিবেচনা করে রেলওয়ে বোর্ড এই সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গিয়েছে।

রেলকর্তারা জানান, যাত্রীদের স্টেশনে ছাড়ার জন্য পরিবারের অন্যান্য ব্যক্তিরও তাঁদের সঙ্গে স্টেশনে আসেন। তাতেই ভিড় বেড়ে যায়। পদপিষ্ট হওয়ার দিনও প্রচুর সংখ্যক মানুষ তাদের পরিবারের সদস্যদের ট্রেনে তুলে দিতে আসেন। প্ল্যাটফর্মে যাত্রী সংখ্যা এমনিতেই বেশি ছিল। এই পরিস্থিতিতে প্ল্যাটফর্ম টিকিট কেটে আসা লোকের সংখ্যাও বেড়ে যাওয়ায় ভিড় আরও বেড়ে যায়।

সেই অব্যাহ্তিত ভিড় রুখতেই প্ল্যাটফর্ম টিকিট বিক্রি বন্ধ করা হয়েছে বলে রেল সূত্রে খবর। এই নির্দেশের পরেও যদি কোনও ব্যক্তি পরিবারের সদস্যদের ট্রেনে তুলতে আসেন তাহলে তিনি প্ল্যাটফর্মে যেতে পারবেন না। আর প্ল্যাটফর্ম টিকিট ছাড়া আত্মীদের ট্রেনে তুলতে ভিতরে গিয়ে যদি ধরা পড়েন তাহলে তাঁকে জরিমানা করা হবে। ফলে সমস্যায় পড়তে পারেন সেই ব্যক্তি। তাই রেলের তরফে অনুরোধ করা হয়েছে, সংশ্লিষ্ট যাত্রী ছাড়া অন্য কেউ যেন প্ল্যাটফর্মে না ঢোকেন।

শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগে ধৃত যুবক দোষী সাব্যস্ত

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): ৭ মাসের এক শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগে এক যুবককে দোষী সাব্যস্ত করল কলকাতার ব্যাঙ্কশাল আদালত। মঙ্গলবার সাজা ঘোষণা করা হবে।

গত নভেম্বর মাসের ৩০ তারিখ কলকাতার বড়তলা থানায় ওই শিশুকন্যা নির্যোজ হওয়ার অভিযোগ জমা পড়ে। তদন্তে নেমে এরপর ওই শিশুটিকে উদ্ধারও করে পুলিশ। ওই শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগে এরপর বাড়গ্রাম থেকে অভিযুক্ত যুবক গ্রেফতার হয়।

পকসো আইনে মামলা দায়ের করা হয় যুবকের বিরুদ্ধে। পুলিশ ঘটনার ২৬ দিনের মাথায় চার্জশিট পেশ করে। গেট প্যাট্রি মেগড ও রাইট রুলার সিস্টেম ব্যবহার করেই তদন্তে সাফল্য আসে। সেই সমস্ত তথ্যপ্রমাণ সংগ্রহ করে আদালতে জমা দেয় পুলিশ।প্রসঙ্গত, গত বছর বড়তলা থানা এলাকার ফুটপাথে শুয়ে কাঁদছিল সাত মাসের এক শিশুকন্যা। যৌনাস্দে একাধিক ক্ষত ছিল। স্থানীয়েরা তাকে উদ্ধার করে পুলিশের হাতে তুলে দেন। হাসপাতালে প্রাথমিক পরীক্ষায় যৌন নির্যাতনের প্রমাণ মেলে। ওই দিনই থানায় সাত মাসের শিশুকন্যার নির্যোজ হওয়ার অভিযোগ দায়ের করেছিলেন ফুটপাত-নিবাসী এক সম্প্রদ। ব্যাঙ্কশাল আদালত অভিযুক্ত যুবককে সোমবার দোষী সাব্যস্ত করেছে। মঙ্গলবার হবে সাজা ঘোষণা।

রাজ্যপালের বাজেট ভাষণে অসন্তুষ্ট নির্দলীয় বিধায়ক অখিল

কোকরাঝাড় (অসম), ১৭ ফেব্রুয়ারি (হি.স.): রাজ্যপালের ভাষণে অসন্তুষ্ট নির্দলীয় বিধায়ক অখিল গগৈ। রাজধানীর বাইরে কোকরাঝাড়ে বেডোল্যান্ড টেরিটোরিয়াল কাউন্সিল লেজিসলেটিভ অসেমব্লি (বিটিসিএলএ)-তে আজ সোমবার শুরু হয়েছে অসম বিধানসভার বাজেট অধিবেশন। বাজেট অধিবেশনে প্রদত্ত ভাষণে রাজ্য সরকারের গৃহীত পদক্ষেপ ও উদ্যোগগুলি তুলে ধরে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য রাজ্যের সার্বিক উন্নয়নে অসম সরকার কাজ করছে বলে এক এক খতিয়ান তুলে ধরছিলেন।

তখন নির্দলীয় বিধায়ক (রাইজর দলের প্রধান তথা বামপন্থী নেতা) অখিল গগৈ অর্থনৈতিক প্রবৃদ্ধি সম্পর্কে রাজ্যপালের বক্তব্যে আপত্তি করেন। অখিলের দাবি, রাজ্যের কাঁধে ক্রমবর্ধমান স্বপ্নের বোঝা চাপছে। তা-হলে অর্থনৈতিক প্রবৃদ্ধি কী করে হলেই বন্ধ বলে প্রমাণ তুলেন গগৈ। রাজ্যপাল আচার্য যখন চলতি মাসে (২৫-২৬ ফেব্রুয়ারি) অনুষ্ঠেয় অ্যাডভার্টেজ আসাম ২.০ আয়োজনের প্রস্ত্তির কথা বলেন, তখন অখিল গগৈ অ্যাডভার্টেজ আসাম ১.০-এর ফলাফল নিয়ে সরকারকে প্রস্বাবদ্ধ করেন।

অখিলের আরও দাবি, রাজ্যপালের ভাষণে বেডোল্যান্ড টেরিটোরিয়াল রিজিয়ন-চুক্তির সম্পূর্ণ বাস্তবায়নের কোনও উল্লেখ ছিল না। বিধায়ক অখিল গগৈ যখন তাঁর অসন্তোষ ব্যক্ত করতে ওঠে দাঁড়ান, তখন স্পিকার বিশ্বজিৎ দৈমারি তাঁকে বসতে বলে রাজ্যপালকে বক্তৃতা শেষ করতে দেওয়ার জন্য অনুরোধ করেন। স্পিকার দৈমারি বিধায়ক অখিল গগৈকে সদনের পরবর্তী কার্যক্রমে তাঁর উদ্বেগ উত্থাপন করতে বলেন।

রক্তাক্ত ভাই

●**প্রথম পাতার পর**
নৃশংসভাবে মারধোর করে। বিপ্লাব হোসেনের চিংকারে আশেপাশের লোকজন ছুটে আসে এবং বিশালগড় দমকল বাহিনীরা। মদকলের কর্মীরা বিপ্লাব হোসেনের অর্ধ মৃত দেহ বঙ্গনগর সামাজিক স্বাস্থ্য কেন্দ্র নিয়ে যায়। সেখানে তাঁর অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে জিবি হাসপাতালে স্থানান্তর করে দেয়। এই ঘটনার পর এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

কাজ করতে গিয়ে কৃষগঞ্জে আক্রান্ত জওয়ানরা, গাড়ি ভাঙুর

নদিয়া, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): ফেনসিডিল উদ্ধার অভিযানে গিয়ে মহিলাদের হামলার মুখে পড়লেন জওয়ানরা। ভাঙুর করা হয় তাঁদের গাড়িও। মোট ১০ জনের নামে কৃষগঞ্জ থানায় অভিযোগ দায়ের করেছে বিএসএফ।

গোপন সূত্রে বিএসএফের কাছে খবর ছিল, কৃষগঞ্জের মথুরাপুরের রিভার পাম্পে নিষিদ্ধ ওষুধ মজুত করে রাখা হয়েছে। অভিযোগ, তা উদ্ধার করতে গেলে মহিলারা বাঁপিয়ে পড়েন।

বিএসএফের কাছে গোপন সূত্রে খবর মেলে, মথুরাপুর এলাকায় রিভার পাম্পের ভিতরে প্রচুর ফেনসিডিল মজুত রয়েছে পাচারের জন্য। খবর পেয়ে সোমবার পরিকল্পনা করে বিএসএফ জওয়ানরা অভিযান চালান সেখানে। অভিযোগ, তাঁদের দেখেই বাঁপিয়ে পড়েন এলাকার মহিলারা। বিএসএফের অভিযোগ, সামনের সারিতে মহিলারা থাকলেও পিছনের দিকে ছিল এলাকার দফতীরা। প্রথমেই বিএসএফের গাড়ি ভাঙুর করে দফতীরা।

ঘটনার খবর পেয়ে সীমান্তরক্ষী বাহিনীর বড়সড় একটি দল সেখানে পৌঁছায়। বিএসএফের পক্ষ থেকে মথুরাপুর এলাকায় মোট ১০ জনের নামে কৃষগঞ্জ থানায় অভিযোগ জানানো হয়েছে। তদন্তে নেমেছে কৃষগঞ্জ থানার পুলিশ। তবে এখনও কেউ গ্রেফতার হয়নি বলে খবর। মনে করা হচ্ছে, এই ঘটনার পর বাংলাদেশে সীমান্ত লাগোয়া নদিয়া জেলার কৃষগঞ্জে সক্রিয় পাচারচক্রের বিঘাটি স্পষ্ট হল। সেই চক্র ভাঙতে মরিয়া পুলিশ। তার মাঝে অবৈধভাবে মজুত করা ফেনসিডিল উদ্ধার করতে গিয়ে বিএসএফের এভাবে আক্রান্ত হওয়ার ঘটনায় আরও স্পষ্ট পাচারকারী ও দফতী যোগ।

প্রসঙ্গত, দিনকয়েক আগেই কৃষগঞ্জের মাজদিয়া এলাকা থেকে বান্ধারের খোঁজ পেয়েছিল বিএসএফ। সেখান থেকে প্রচুর পরিমাণে ফেনসিডিল উদ্ধার হয়। বান্ধারে ধরে ধরে সাজানো ছিল নিষিদ্ধ ওষুধ। বাংলাদেশে পাচারের জন্য তা মজুত করা হচ্ছিল বলে বিএসএফ জানতে পারে।

সওয়ালের আইনজীবী নেই কেন্দ্রকে ভর্ৎসনা সুপ্রিম কোর্টের

নয়াদিিলি, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): পশ্চিমবঙ্গ সরকারের তরফে কেন্দ্রের বিরুদ্ধে করা এক মামলার শুনানিতে সোমবার কেন্দ্রকে ভর্ৎসনা করল সুপ্রিম কোর্ট।

রাজ্যের তরফে অনুমতি প্রত্যাহারের পরেও কি কেন্দ্রীয় এজেন্সি তদন্ত করতে পারে কোনও রাজ্যে? বিচারপতি বিআর গাভাই এবং বিচারপতি অগাস্টিন জর্জ মসিহার বেঞ্চে এই মামলার শুনানিতে রাজ্যের তরফে সওয়াল করতে ওঠেনে কপিল সিবল এবং অভিষেক মনু সিংধি।

কেন্দ্রের তরফে কেন্দ্রও আইনজীবী উপস্থিত ছিলেন না সওয়াল করার জন্য। বিরক্ত হয়ে বিচারপতি গাভাই বলেন, “আদালতের প্রতি ন্যূনতম সম্মান জানান। আপনাদের প্যানেলে এত আইনজীবী, ল অফিসার রয়েছেন। তাঁরা কোথায়? তাঁদের কেউ উপস্থিত থাকতে পারলেন না?” বিচারপতি গাভাইয়ের সামনে দাঁড়িয়ে ক্ষমা চেয়ে নেন জুনিয়র আইনজীবী। তিনি জানান, সিনিয়র আইনজীবী সওয়াল করবেন। কিন্তু তিনি অন্য কোর্টে ব্যস্ত। অনুরোধ করেন পাসওভার দেওয়ার। তারপর পাসওভার দেওয়া হয়। দু সপ্তাহ পরে ফের এই মামলার শুনানি।

পদোন্নতির দাবিতে বিক্ষোভে

কলকাতা পুরসভার ইঞ্জিনিয়ারেরা

কলকাতা, ১৭ ফেব্রুয়ারি (হি.স.): পদোন্নতির দাবিতে সোমবার পুরসভার অন্দরেই বিক্ষোভ দেখান কলকাতা পুরসভার ইঞ্জিনিয়ারেরা। সাড়ে তিন বছরের বেশি সময় ধরে পদোন্নতি আটকে রয়েছে, এই অভিযোগে বিক্ষোভ দেখান তাঁরা।

তাঁদের অভিযোগ, তাঁরা অনেক দিন ধরেই আন্দোলন করছেন। মেয়র ফিরহাদ হাকিম তাঁদের জট কাটানোর কথাও বলেছিলেন। সেই মতো কমিটি গঠন হয়। কমিটির কাছে নিজেদের কথা জানান আন্দোলনকারী ইঞ্জিনিয়ারেরা। সেই সময়েই পুরসভার দুই আধিকারিক চক্রান্ত করে তাঁদের পদোন্নতি আটকানোর চেষ্টা করছেন। এই অভিযোগে তুলে সোমবার অতিরিক্ত পুর কমিশনার প্রবালকান্তি মাইতির ঘরের সামনে মাটিতে বসে বিক্ষোভ দেখান পূর্ব ইঞ্জিনিয়ারেরা।

ইঞ্জিনিয়ারদের সংগঠনের সাধারণ সম্পাদক মানস সিংহ বলেন, “ইঞ্জিনিয়ারদের পদোন্নতি সাড়ে তিন বছর ধরে আটকে রয়েছে। আমরা আন্দোলন করছিলাম। হাই কোর্টে মামলা করেছি। পুরসভাও ডিভিশন বেঞ্চে গিয়েছে। এতে আমাদের আপত্তি নেই। আ

রাজ্যে বিদ্যুৎ ক্ষেত্রে উন্নয়নে

এনআইটি ও টিএসইসিএলের মধ্যে সমঝোতা পত্র স্বাক্ষরিত



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি : ত্রিপুরার বিদ্যুৎ ব্যবস্থাকে আরো উন্নত এবং নিরবচ্ছিন্নভাবে গ্রাহকদের মধ্যে বিদ্যুৎ বিতরণ ক্ষমতা শক্তিশালী করতে সোমবার, ত্রিপুরা স্টেট ইলেকট্রিসিটি কর্পোরেশন লিমিটেড (টিএসইসিএল) এবং এনআইটি আগরতলার মধ্যে একটি সমঝোতা পত্র (মৌ) স্বাক্ষরিত হয়েছে। এই সমঝোতা পত্রের মাধ্যমে দুই প্রতিষ্ঠানের মধ্যে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে আর্থিক ও শিল্পের মধ্যে মিথস্ক্রিয়া জোরদার করার লক্ষ্য নেওয়া হয়েছে। এদিনের সমঝোতা পত্রটি টিএসইসিএল-এর তরফে স্বাক্ষর করেছেন ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসু, এজিএম কর্পোরেট অফিস মিটা সাহা, এবং এজিএম বিদ্যুৎ সার্কেল নং ২ শ্যামল বৈদ্য। অপরদিকে, এনআইটি আগরতলার তরফে স্বাক্ষর করেছেন রেজিস্ট্রার আশীষ বর দলই, ডিন তরুণ কুমার বিন্দু এবং ডিন অরবিন্দ কুমার জৈন।

প্রযুক্তিগত উন্নয়নে সহযোগিতা করবে। এই সহযোগিতার লক্ষ্য হলো, রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থাপনাকে আরো শক্তিশালী করা এবং এর সুফল সাধারণ জনগণের কাছে পৌঁছানো। এনআইটি আগরতলা তাদের গবেষণাগার ফলাফল রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থাপনায় কাজে লাগাতে সাহায্য করবে। একইভাবে টিএসইসিএলের অভিজ্ঞতাকে ছাত্রছাত্রীদের কাছে পৌঁছানোর মাধ্যমে তাদের জন্য শিক্ষামূলক উপকরণ তৈরি করবে। সমঝোতা পত্রের উল্লেখযোগ্য দিক হলো, একদুটি প্রতিষ্ঠানের মধ্যে ডাটা শেয়ারিং এবং তথ্য আদান-প্রদান। এর ফলে গবেষণা ও মূল্যায়নক্ষেত্রে বিদ্যুৎ নিগম এবং এনআইটি আগরতলা একযোগে কাজ করবে এবং বিদ্যুৎ ক্ষেত্রে উন্নয়নে বিশেষ অবদান রাখবে। এছাড়া, রাজ্যে বিদ্যুৎ ব্যবস্থার দক্ষতা বৃদ্ধির জন্য একাডেমিয়া ও শিল্পের মধ্যে সম্পর্ক জোরদার করাও এর একটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য। এ প্রসঙ্গে এনআইটি আগরতলার রেজিস্ট্রার শরৎ কুমার পাড়া এবং টিএসইসিএলের ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসু তাদের

বক্তব্যে জানান, এই সমঝোতা পত্র রাজ্যের বিদ্যুৎ ক্ষেত্রে আরো শক্তিশালী করবে এবং জনকল্যাণে কাজ করবে। তারা আশা প্রকাশ করেন যে, এই সহযোগিতার ফলে সরবরাহের ক্ষেত্রে আরও উন্নতি সাধিত হবে। এছাড়া, সরকারের পক্ষ থেকে বিভিন্ন প্রকার প্রকল্পের মাধ্যমে বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়ন সাধিত হচ্ছে। বিদ্যুৎ বিদ্যুৎ মোকাবেলা এবং নতুন শক্তির উৎস ব্যবহার করা যেমন গুরুত্বপূর্ণ, তেমনি বিদ্যুৎ ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি করা ও টেকসইভাবে বিদ্যুৎ সরবরাহের জন্য গবেষণা এবং আধুনিক পরিকল্পনা গ্রহণ করাও গুরুত্বপূর্ণ। এনআইটি আগরতলা এবং টিএসইসিএল একে অপরের সঙ্গে গবেষণা ও উন্নয়নমূলক প্রকল্পের ওপর কাজ করবে, যাতে বিদ্যুৎ ব্যবস্থাপনা আরও আধুনিক ও কার্যকরী হতে পারে। ছাত্র-শিক্ষকরা বিদ্যুৎ ব্যবস্থাপনা

সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য ও জ্ঞান অর্জন করতে পারবেন। যা তাদের ভবিষ্যৎ কর্মজীবনে সহায়ক হবে। পাশাপাশি, টিএসইসিএলও নিজেদের কার্যক্রম এবং প্রযুক্তিগত উন্নয়নের জন্য গবেষণাগার ফলাফল গ্রহণ করবে, যাতে তারা আরো দক্ষভাবে রাজ্যের বিদ্যুৎ সরবরাহ করতে পারে। এছাড়া, সরকারের পক্ষ থেকে বিভিন্ন প্রকার প্রকল্পের মাধ্যমে বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়ন সাধিত হচ্ছে। বিদ্যুৎ বিদ্যুৎ মোকাবেলা এবং নতুন শক্তির উৎস ব্যবহার করা যেমন গুরুত্বপূর্ণ, তেমনি বিদ্যুৎ ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি করা ও টেকসইভাবে বিদ্যুৎ সরবরাহের জন্য গবেষণা এবং আধুনিক পরিকল্পনা গ্রহণ করাও গুরুত্বপূর্ণ। এনআইটি আগরতলা এবং টিএসইসিএল একে অপরের সঙ্গে গবেষণা ও উন্নয়নমূলক প্রকল্পের ওপর কাজ করবে, যাতে বিদ্যুৎ ব্যবস্থাপনা আরও আধুনিক ও কার্যকরী হতে পারে। ছাত্র-শিক্ষকরা বিদ্যুৎ ব্যবস্থাপনা

দুটি জলের মোটর চুরি করে পালালো চোর

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৭ ফেব্রুয়ারি: চালাই করা বাজ থেকে দুটি জলের মোটর চুরি করে নিয়ে গেল চোরের দল। ঘটনাটি সংঘটিত হয় উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগর মহকুমার বড়ুয়াকান্দি গ্রাম পঞ্চায়েতের বড়ুয়াকান্দি কলোনি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের পাশের বাড়িতে। বড়ুয়াকান্দি গ্রাম পঞ্চায়েতের অস্ত্রাণ্ড ৩নং ওয়ার্ডের বাসিন্দা অনুকূল দাসের বাড়িতে চুরি কাণ্ড সংঘটিত হয়েছে। দীর্ঘ বছর যাবত উনার বাড়ির পেছনদিকে দুটি কুয়া রয়েছে, সেখানে দুটি মোটর চালাই করা বাজের মধ্যে রাখা আছে। গতকাল রাত আনুমানিক বারোটোর পরে এইচুরি কাণ্ড সংঘটিত হয় বলে অভিযোগ। গতকাল ওনার বাড়ির বাইরে ছিলেন। রাতে ১১ টা নাগাদ বাড়িতে ফেরেন। তারপরে যখন জল তুলতে যান মোটরের মাধ্যমে তখন দেখা যায় জল আসছে না তারপর আজ ভোরবেলা গিয়ে দেখেন চালাই করা দুটি বাজ ভেঙ্গে তার মধ্যে থাকা দুটি মোটর চুরি করে নিয়ে যায় চোরের দল। তিনি জানেন, প্রায় ১০ থেকে ১৫ বছর আগে তৈরি করা চালাইয়ের দুটি বাজের মধ্যে মোটর দুটি রাখা ছিল। তিনি আরো জানান, বাড়ির মধ্যে সামনের দিকে থাকা সিসি ক্যামেরায় কোনকিছু ধরা পড়েনি। যেহেতু পেছনদিকে সিসি ক্যামেরা নেই সেটা চোরের দলের মধ্যে থেকে কেউ হস্তান্তর বা জানে এবং সে কারণে পিছন দিগেই প্রবেশ করে বাজ ভেঙ্গে মোটর দুটো মোটর নিয়ে যায় বলে জানান বাড়ির মালিক অনুকূল দাস।

বাইক ও লরির সংঘর্ষে আহত চালক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি: আগরতলা-উদয়পুর সড়কে বাইক ও লরির সংঘর্ষ ঘটে। তাতে আহত হয়েছেন বাইক চালক। সিপাহীজলা জেলাশাসক কার্যালয়ের সামনে আগরতলা-উদয়পুর সড়কে এই সংঘর্ষটি ঘটেছে। ঘটনাটি ঘটে সোমবার দুপুরে। ঘটনাস্থল থেকে পালিয়ে যায় লরির চালক জনা যায়, টিআরও-১- এই- ১৬২৯ নম্বরের একটি লরি বিশ্রামগঞ্জের উদ্দেশ্যে যাওয়ার পথে সিপাহীজলা জেলাশাসক কার্যালয়ের সামনে ফর্কি দরগার সামনে নিয়ন্ত্রণ হারিয়ে একটি বাইকে ধাক্কা মেরে একটি গাছের সাথে ঝেঁজরে ধাক্কা লাগে। যদিও ঘটনাস্থল থেকে পালিয়ে যায় লরির চালক। অন্যদিকে আহত বাইক চালককে উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসে অগ্নিনির্বাপক দপ্তরের কর্মীরা। ঘাতক লরিরটিকে নিজেদের হেফাজতে নিয়েছে পুলিশ।

ধর্মনগরে হনুমান মন্দিরের উদ্বোধন করলেন অধ্যক্ষ

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৭ ফেব্রুয়ারি: ধর্মনগর মহকুমার শিববাড়িতে হনুমান মন্দিরের শুভ উদ্বোধন হলো। ধর্মনগর মহকুমার শিববাড়িতে রোডে অবস্থিত শিব মন্দির সংলগ্ন স্থানে হনুমান মন্দির নির্মিত হয়। সেই হনুমান মন্দির হনুমান মূর্তির প্রাণ প্রতিষ্ঠা করা হয় আজ ১৭ ফেব্রুয়ারি সোমবার। মন্দিরের শুভ উদ্বোধন করেন রাজা বিধানসভার অধ্যক্ষ বিক্রম সেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রানী দাস সেন, উপস্থিত ছিলেন ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ, কাউন্সিলর পীতৃ রঞ্জন দে সহ এলাকাবাসীরা। উদ্বোধনের শেষে আ সাক্ষাৎকারে অধ্যক্ষ বিক্রম সেন এত্যাচারে বিস্তারিত তথ্য জানান।

ধর্মনগরে বাম যুব সংগঠনের শক্তি প্রদর্শন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি: আইনের শাসন পুনঃ প্রতিষ্ঠা করা সহ ৩ দফা দাবিতে ধর্মনগরে বিক্ষোভ মিছিলে সামিল হয়েছি ডিওয়াইএফআই এবং টিওয়াইএফ। এদিন মিছিলটি ধর্মনগরের বিভিন্ন পথ পরিষ্কার করে। সাংবাদিকদের মুখোমুখি হয়ে সংগঠনের এক কর্মী বলেন, রাজ্যে শাসন তলানিতে ঠেকেছে। আইনের শাসন বলতে কিছুই নেই। তাছাড়া, রাজ্যে বেকার সমস্যা দিন দিন বেড়েই চলেছে। কাজের সন্ধান দিশেহারা হয়ে যুরছেন যুবক যুবতীরা। এদিকে, প্রতিদিন মহাকরণে বসে মন্ত্রীরা যুবক যুবতীদের সাথে সাক্ষাৎকার করছেন। তাই বামপন্থী যুব সংগঠন সমাজ পরিবর্তনের

পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে প্রসাসনের উচ্চ পদস্থ আধিকারিকরা। তাঁরা অবরোধকারীদের সাথে কথা বলেন এবং আশ্বাস দিয়েছেন অতিসত্বর সমস্যা সমাধান করা হবে। ওই আশ্বাসের ভিত্তিতে পথ অবরোধ প্রত্যাহার করেন তাঁরা। রাজ্যের খ্যাতিনামা কনস্ট্রাক্টর দেবশীষ দাস কনস্ট্রাক্টরদের বিরুদ্ধে নিম্নমানের কাজের অভিযোগ তুলেছেন তাঁরা। সোমবার সকালে স্থানীয়রা এই বিষয়ে সরব হন এবং সংশ্লিষ্ট দপ্তরকে কাজ বন্ধ রাখার দাবি জানান। অভিযোগে জানা গেছে, সড়ক

লাইই শুরু করেছে। এদিন তিনি আরও বলেন, দেশার সাজাজে পবিত্র হয়েছি ত্রিপুরা। কিন্তু এর বিরুদ্ধে প্রশাসনের তরফ থেকে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। তাই আজ তিন দফা দাবি আদায়ের লক্ষ্যে ডিওয়াইএফআই এবং টিওয়াইএফের যৌথ উদ্যোগে ধর্মনগরে বিক্ষোভ মিছিল করা হয়েছে।

জলের দাবিতে পথে বসলো প্রমীলা বাহিনী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি: বেশ কিছু দিন যাবৎ পানীয় জলের সংকটে ভুগছেন এলাকাবাসী। অবশেষে আজ সকালে প্রতিবাদে এলাকাসার সড়কে কচু ছড়া এলাকায় পথ অবরোধে সামিল হয়েছেন প্রমীলা বাহিনী। অবরোধের দক্ষিণ কচু ছড়া এলাকায় পথ অবরোধে সামিল হয়েছেন প্রমীলা বাহিনী। অবরোধের সময় সড়ক দুটো বন্ধ হয়ে পড়ে। তাতে সাধারণ যাত্রীরা চরম দুর্ভোগের শিকার হয়েছেন।

তুলেছেন স্থানীয় বাসিন্দারা। রাজ্যের খ্যাতিনামা কনস্ট্রাক্টর দেবশীষ দাস কনস্ট্রাক্টরদের বিরুদ্ধে নিম্নমানের কাজের অভিযোগ তুলেছেন তাঁরা। সোমবার সকালে স্থানীয়রা এই বিষয়ে সরব হন এবং সংশ্লিষ্ট দপ্তরকে কাজ বন্ধ রাখার দাবি জানান। অভিযোগে জানা গেছে, সড়ক

নির্মাণে ব্যাপক কারচুপি করা হচ্ছে। কার্ণাটো ব্যবহার করা হচ্ছে অর্ধ-ভগ্ন ইট। স্থানীয় বাসিন্দারা জানান, এইভাবে নির্মাণ সামগ্রী ব্যবহার করে রাস্তার মান অত্যন্ত খারাপ হবে এবং অল্প দিনেই রাস্তা ভেঙে যেতে পারে। এলাকাবাসীর অভিযোগ, ঠিকাদার নিম্নমানের কাজ করে টাকা হাতিয়ে নেওয়ার চেষ্টা করছেন। তাঁরা অবিলম্বে এই কাজের তদন্তের দাবি জানিয়েছেন। স্থানীয়রা জানান, তাঁদের এই রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই রাস্তা দিয়েই তাঁরা নিম্নমানের কাজের জন্য যাতায়াত করেন। কিন্তু রাস্তার নির্মাণে এই ধরনের দুর্নীতি হলে তাঁদের দুর্ভোগের শেষ থাকবে না। তাই তাঁরা কাজ বন্ধ করে নতুন করে নির্মাণের দাবি জানিয়েছেন।

বিভিন্ন দাবিতে সংগ্রাম পরিষদের গণঅবস্থান ২০শে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি: ২২ দফা দাবি আদায়ের লক্ষ্যে আগামী ২০ ফেব্রুয়ারি প্যারাইডস টেমুহনীতে ৩ ঘণ্টার গণ অবস্থানের ডাক দিয়েছে ত্রিপুরা জন অধিকার সংগ্রাম পরিষদ। আজ এক সাংবাদিক সম্মেলনে এমআইটি জানিয়েছেন সংগঠনের নেতৃত্বর। এদিন সাংবাদিক সম্মেলনে সংগঠনের এক কর্মী জানিয়েছেন, কর্পোরেট পুঞ্জির দালাল উৎসাহিত করা হবে।

সংগঠনের দাবিগুলো হল, জাতি বিদ্বেষী ও উগ্র সাম্প্রদায়িক বুদ্ধিবাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করা, রাষ্ট্রের মদতে ধর্মীয় সংখ্যালঘু মুসলিমদের ওপর আক্রমণ বন্ধ করা। কৈতরাবাড়ি এবং কদমতলার ঘটনার সাথে জড়িত চক্রান্তকারীদের বিরুদ্ধে আইন মোতায়েন করা হবে।

ভাতা প্রদান করা, বনাবিকার আইন ২০০৬ সঠিকভাবে বাস্তবায়ন করে জনজাতিদের প্রতি পরিবারকে ২৫ কানি করে জমির পাট্টা প্রদান করা, জনজাতিদের ছোট বড় প্রতিটি জনগোষ্ঠীর স্বাস্থ্য নিশ্চিত করতে বহুস্তরীয় স্বাস্থ্যকেন্দ্র স্থাপনা ব্যাপক কয়েম করা, শিক্ষা চাকরি ও জনপ্রতিনিধিত্ব সহ সমস্ত ক্ষেত্রে ওবিসি জনগোষ্ঠীর সংখ্যানুপাতিক সংরক্ষণ চালু করা হোক। পাশাপাশি, ভূমিহীন বাধ্যস্ত্রী ও চা শ্রমিকদের ন্যূনতম ১০ গভা করে জমি বন্দোবস্ত দিতে হবে। চা শ্রমিকদের মজুরি ৬০০ টাকা নির্ধারণ করে সঞ্জয় একদিন সবেতন ছুটি দেওয়া সহ ২২ দফা দাবি জানানো হয়েছে।

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া শাখা অফিস চালু হলো কল্যাণপুরে

নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ১৭ ফেব্রুয়ারি: মানুষের দৈনন্দিন জীবনে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া শাখা অফিস চালু হলো কল্যাণপুরে। এতদিন গ্রামীণ ব্যাঙ্ক এবং ইউকে ব্যাঙ্ক এর শাখা ছাড়া আর কোন ব্যাঙ্ক কল্যাণপুরে ছিল না। শনিবার ভাগলুই ব্যাঙ্ক শাখার উদ্বোধন করেন ম্যানেজিং ডিরেক্টর বিনয় এম ডিনসে। সাথে ছিলেন চিফ জেনারেল ম্যানেজার এস রাধাকৃষ্ণন, জিএম ১ এবং জিএম ২ অরুণ কুমার। ব্যাঙ্ক শাখার উদ্বোধন সপারীয়ে ছিলেন রিজিওনাল ম্যানেজার তমাল দেববর্মা, কল্যাণপুর থানার ওসি তাপস মালিকার, কল্যাণপুর এর সমষ্টি উন্নয়ন আধিকারিক হিন্দেন্দু বিকাশ পাল, কল্যাণপুর বিদ্যালয় পরিদর্শক প্রমথ। উদ্বোধন এর দিনেই গ্রাহক দের ভিডিও স্টেট ব্যাঙ্ক এর নতুন শাখায়। নতুন শাখা সঞ্চালক হিসাবে দায়িত্ব নেয়া পাল্লী ভট্টাচার্য। কল্যাণপুরে এই নতুন শাখা এর বি আই এর নর্থ রিজিওন এর ৪১ শাখা বলে জানান তমাল দেববর্মা। নতুন ব্যাঙ্ক পেয়ে বেশ খুশি কল্যাণপুরের জনগণ। এখন থেকে হাতের কাছে ছিলো এনআইটি ব্যাঙ্কিং পরিষেবা। প্রথম দিনই অ্যাকাউন্ট খোলার জন্য গ্রাহকদের ভীড় ছিল।

সড়ক সংস্কারের অভাবে সীমাহীন দুর্নীতির অভিযোগ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি: পূর্ব ও পশ্চিম লুধুয়ায় যাওয়ার রাস্তা সংস্কার কাজে ব্যাপক দুর্নীতির অভিযোগ তুলেছেন এলাকাবাসীরা। ঠিকাদার ও পূর্ব দপ্তরের আধিকারিকদের অবস্থান নিয়ে জনমনে প্রশ্ন উঠেছে। ঘটনার বিবরণে জানা গিয়েছে, দীর্ঘ দিন ধরে এডিসি এলাকার বাসিন্দাদের দাবি ছিল সড়ক থেকে লুধুয়া যাওয়ার রাস্তার সংস্কার করা

হোক। দীর্ঘদিন পর প্রশাসনের তরফ থেকে রাস্তা সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। ক কিন্তু রাস্তা নির্মাণ থেকে শুরু করে সংস্কার পর্যন্ত কাজের গুণগত মান খুবই নিম্নমানের এবং এনআইটি অভিযোগ স্থানীয়দের। এতে করে রাস্তা সংস্কারের কিছুদিনের মধ্যে রাস্তাটি ভেঙ্গে পড়বে। তাঁদের আরও অভিযোগ, উন্নয়নের অপর নাম দুর্নীতি

চলছে। সরকারি টাকা লুপুটে পাচ্ছেন ঠিকাদাররা। তাদের দাবি, ঠিকাদাররা রাস্তা এমন ভাবেই তৈরি করছে যে লাল মাটির উপর কালো রঙের প্রলেপ দিয়ে মার্বেল মনে হতে পারে। তাছাড়া, ধরলেই বেরিয়ে আসছে লাল মাটি। আজ সাংবাদিকদের সাক্ষাৎকারে সড়ক ঠিকাদারদের বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দিয়েছেন তাঁরা।

মশা নিরোধক প্রচারে পথে নামলো মহিলা কলেজের ছাত্রীরা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি: রাজধানীর উইমেন্স কলেজ এনএসএস ইউনিটের উদ্যোগে আজ রাজবাড়ী সংলগ্ন এলাকায় পথচলতি মানুষদের মধ্যে জৈব মশা নিরোধক ব্যবহারের সুফল সম্পর্কে প্রচার পত্র বিলি করা হয়েছে। স্বেচ্ছাসেবীরা পথচলতি মানুষদের মধ্যে কেরানর নাম রাসায়নিক পদার্থ ব্যবহার না করে জৈব উপায়ে মশার উপদ্রব

কম করার বিষয়ে সচেতন করেন। কলেজের এনএসএস ইউনিটের এই প্রচার অভিযানের মূল লক্ষ্য হল নাগরিকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা। প্রসঙ্গত, কিছু নাগরিক ইচ্ছুকভাবে উইমেন্স কলেজের বেশ কয়েকজন ছাত্রী অংশ নেন এবং পথচলতি মানুষদের মধ্যে মশা নিরোধক প্রচার পত্র বিলি করে।

উপায় হল নাগরিকদের মধ্যে সচেতনতা তৈরি করা। উইমেন্স কলেজ এনএসএস ইউনিটের এই উদ্যোগ নাগরিকদের মধ্যে সচেতনতা বাড়াতে সাহায্য করবে বলে আশা করা হচ্ছে। এই কর্মসূচিতে উইমেন্স কলেজের বেশ কয়েকজন ছাত্রী অংশ নেন এবং পথচলতি মানুষদের মধ্যে মশা নিরোধক প্রচার পত্র বিলি করে।

কমিউনিটি হল ঘর চালু না হলে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি স্থানীয়দের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ ফেব্রুয়ারি: দুর্নীতির অভিযোগে কাজ শুরু করার পর এক দশক পার হয়ে গেলেও আজ পর্যন্ত কমিউনিটি হল ঘর চালু হলো না। ঘটনা মেলাবার পূর্ব চর্চিগড়ের। মোহনভোগ্য আর ডি ব্লকের অন্তর্গত পূর্ব চর্চিগড় দুই নাথার ওয়ার্ডে তৎকালীন বাম সরকার আমলে ২০১৬ এবং ২০১৭ সালে আর ডি ব্লকের থেকে ৭৫ লক্ষ ৩৫ হাজার ৫১৪ টাকার একটি কমিউনিটি হল ঘরের কাজের বরাদ্দ

হয়, সময় ছিল দশ মাস। নির্মাণ কাজ শুরু হয়ে দশ মাস অতিক্রান্ত হয়ে ২০১৮ সালে ভারতীয় জনতা পার্টি সরকার আমলের পর এই কমিউনিটি হল ঘরের কাজ বন্ধ হয়ে যায়। যার ফলে কমিউনিটি হল ঘরটি অর্ধেক কাজ করে বাজেটের পুরো টাকা গিয়েয় করে নেয়। এখন ওই কমিউনিটি হল ঘরের উপরে ছাদ দেওয়ার জন্য লোহার কাঠামো থাকলেও টিনের আবরণ দেওয়া হয়নি, এর ফলে ওই লোহা গুলি

মরিচা ধরে ক্ষয় হয়ে নিচের দিকে ঝুঁকে রয়েছে। অর্থাৎ কমিউনিটি হল ঘরটি কোন রকমে দায় সারানোর কাজ করে হাত গুটিয়ে নেয় ওই মাস। স্থানীয় পঞ্চায়েত সদস্য থেকে শুরু করে এলাকার মানুষ ১০ বছর ধরে পূর্ব চর্চিগড়ের হল ঘরটি সম্পূর্ণ করার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন। কিন্তু আজও হল ঘরটি অসম্পূর্ণ অবস্থায় পড়ে আছে। এলাকাবাসী জানান, তারা বহুবার রক আধিকারিকের নিকট ডেপুটেশন

প্রতিবন্ধী কিচ সচেতনতা প্রোগ্রাম গোমতী জেলায়

নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১৭ ফেব্রুয়ারি: ভারত সরকারের সহযোগিতায় আইপি আই ডি, সেকেন্ডারি, ন্যাশনাল হেলথ মিশন এবং কম্প্যানিটি রিজিওনাল সেন্টার ফর স্কিল ডেভেলপমেন্ট, রিহাবিলিটেশন অ্যান্ড এমপাওয়ারমেন্ট অফ পার্সনস উইথ ডিসএবিলিটিজ (CRCSRE-ত্রিপুরা), ১৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে ত্রিপুরার গোমতী জেলা এম ডি এম অফিসে, সফলভাবে প্রতিবন্ধী কিচ সচেতনতা প্রোগ্রাম পরিচালিত হয়েছে। এই সচেতনতা কর্মসূচির লক্ষ্য হল তৃণমূল পরায়ের কর্মীদের প্রতিবন্ধী কিচ বিষয়ে ব্যাপক জ্ঞান এবং ব্যবহারিক দক্ষতার সাথে অভ্যস্ত করার মাধ্যমে, প্রাথমিক পর্যায়ে প্রতিবন্ধীদের সনাক্তকরণ এবং মোকাবেলা করার জন্য জেলার মেডিক্যাল অফিসারদের মাস্টার ট্রেনিং প্রোগ্রাম প্রদান করা, যারা প্রতিবন্ধীদের প্রতিবেদন, সনাক্তকরণ এবং প্রাথমিক হস্তক্ষেপ সম্পর্কিত প্রযুক্তিগত জ্ঞান আশা কর্মীদের কাছে প্রচার করবে। এই অনুষ্ঠানে ত্রিপুরার

সংশ্লিষ্ট জেলার বিভিন্ন পি এইচ সি থেকে আশা নোডাল অফিসাররা উপস্থিত ছিলেন। সেশনে অক্ষমতার ধারণা, অক্ষমতা প্রতিবেদনের কৌশল, উন্নয়নমূলক মাইলফলক, মোটর বিলম্বের শর্ত এবং প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন বিভাগ বিষয়ে আলোচনা করা হয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রণালয়, ভারত সরকারের অধীনে, সরকারি প্রকল্পগুলির মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলি কভার করা হয়েছে (অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মহকুমা মেডিক্যাল অফিসার ডাঃ জগদীপ দেববর্মা মাতামাত ব্যক্ত বরেন যে প্রামাণ্য এলাকায় প্রতিবন্ধীতা কমাতে আশা কর্মীদের জ্ঞানকে শক্তিশালী করতে হবে। এই প্রোগ্রামটি পরিচালিত হয় ড. ললিত নারায়ণ, পরিচালক, এন আই এল ডি, কলকাতা, মেজ (ড.) বি. ভি. রাম কুমার, পরিচালক, এন আই ইপি আই ডি, সেকেন্ডারি ডি. অমিত কুমার কচ্ছপ, পরিচালক, সি আর সি এস আর ডি ত্রিপুরা, ডি ই পি ডব্লিউ ডি, এম এস জে এন্ড ডি, জি ও আই।

সংশ্লিষ্ট জেলার বিভিন্ন পি এইচ সি থেকে আশা নোডাল অফিসাররা উপস্থিত ছিলেন। সেশনে অক্ষমতার ধারণা, অক্ষমতা প্রতিবেদনের কৌশল, উন্নয়নমূলক মাইলফলক, মোটর বিলম্বের শর্ত এবং প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন বিভাগ বিষয়ে আলোচনা করা হয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রণালয়, ভারত সরকারের অধীনে, সরকারি প্রকল্পগুলির মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলি কভার করা হয়েছে (অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মহকুমা মেডিক্যাল অফিসার ডাঃ জগদীপ দেববর্মা মাতামাত ব্যক্ত বরেন যে প্রামাণ্য এলাকায় প্রতিবন্ধীতা কমাতে আশা কর্মীদের জ্ঞানকে শক্তিশালী করতে হবে। এই প্রোগ্রামটি পরিচালিত হয় ড. ললিত নারায়ণ, পরিচালক, এন আই এল ডি, কলকাতা, মেজ (ড.) বি. ভি. রাম কুমার, পরিচালক, এন আই ইপি আই ডি, সেকেন্ডারি ডি. অমিত কুমার কচ্ছপ, পরিচালক, সি আর সি এস আর ডি ত্রিপুরা, ডি ই পি ডব্লিউ ডি, এম এস জে এন্ড ডি, জি ও আই।

প্রমোদনা প্রধান সড়কটি অবরোধ করে বসে। প্রতিবাদে আগুন জালিয়ে সড়ক অবরোধ করে ধর্মনগর কুর্টি পঞ্চায়েতের মহারাাজনগর নিম্ন বুনিয়াড়ি বিদ্যালয়ে। এটি ঘটনার খবর পেয়ে ছুটে আসেন কুর্টি গ্রাম পঞ্চায়েতের প্রধান। তিনি শিক্ষার্থীদের দাবি শোনার আশ্বাস দিলে অবরোধ তুলে নেয় শিক্ষার্থীরা। পঞ্চায়েত প্রধান জানান, উর্দতন কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে প্রধান শিক্ষককে বদলির বিষয়টি বিবেচনা করা হবে।